laundering, bribery, corruption and reputational risk to the bank due to their current or former position of political power or influence, which makes them more vulnerable to corruption. Relationships with these customers may increase the risk to the bank due to the possibility of that individuals holding such positions may misuse their power and influence for personal gain or advantage or for the personal gain or advantage of their Close Family Members and Close Associates. The person's status (PEP's, Influential Persons and chief executives or top level officials of any international organization) itself does not incriminate individuals or entities. It does, however, put a prospective or existing Client into a higher risk category.

**4.2.7.1 Definition of PEPs**

Politically Exposed Persons (PEPs)refer to'individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials' (BFIU Circular No. 19 dated 17 September, 2017). The following individuals of other foreign countries must always be classed as PEPs:

- heads and deputy heads of state or government;
- senior members of ruling party;
- ministers, deputy ministers and assistant ministers;
- members of parliament and/or national legislatures;
- members of the governing bodies of major political parties;
- members of supreme courts, constitutional courts or other high-level judicial bodies whose decisions are not subject to further appeal, except in exceptional circumstances;
- heads of the armed forces, other high ranking members of the armed forces and heads of the intelligence services;
- heads of state-owned enterprises.

**4.2.7.2 CDD Measures For PEPs**

Branches need to identify whether any of their customer is PEP. Once identified branches need to apply enhanced CDD measures that is set out in 4.1.3 of this policy. Moreover, they need to perform the following-

i) Adopt the Risk Based Approach to determine whether a customer or the real beneficial owner of an account is PEP;

ii) Obtain approval of CAMLCO (Chief Anti Money Laundering Compliance Officer) before establishing such business relationship;

iii) Take reasonable measures to establish the source of fund of PEP's account;

iv) Monitor their transactions in a regular basis; and

v) All provisions of Foreign Exchange Regulation Act, 1947 and issued rules and regulations by Bangladesh Bank under this act have to be complied accordingly.

### 4.2.7.3 Definition of IPs

**Influential Persons (IPs)**refer to 'individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials' (BFIU Circular No. 19 dated 17 September, 2017). The following individuals must always be classed as Influential persons:

- heads and deputy heads of state or government;
- senior members of ruling party;
- ministers, state ministers and deputy ministers;
- members of parliament and/or national legislatures;
- members of the governing bodies of major political parties;
- Secretary, Additional secretary, joint secretary in the ministries;
- Judges of supreme courts, constitutional courts or other high-level judicial bodies whose decisions are not subject to further appeal, except in exceptional circumstances;
- governors, deputy governors, executive directors and general managers of central bank;
- heads of the armed forces, other high ranking members of the armed forces and heads of the intelligence services;
- heads of state-owned enterprises;
- members of the governing bodies of local political parties;
- ambassadors, chargés d'affairesor other senior diplomats;
- city mayors or heads of municipalities who exercise genuine political or economic power;
- board members of state-owned enterprises of national political or economic importance.

Whether an individual is an influential person or not will depend on the prominence or importance of the function that he/she holds, and the level of corruption in the country, the reputation and personal links of the individual and whether he/she has any links to industries that are prone to corruption. If the individual does not hold sufficient influence to enable them to abuse his/her power for gain, they should not be classified as an influential person.

#### 4.2.7.4 CDD Measures For IPs

Branches need to identify whether any of their customer is IP. Once identified branches need to apply enhanced CDD measures that is set out in 4.1.3of this policy. Moreover, they need to perform the following-

i) a risk management system shall have to be introduced to identify risks associated with the accounts opening and operating of IPs;
ii) adopt the Risk Based Approach to determine whether a customer or the real beneficial owner of an account is IP;
iii) obtain senior managements' approval before establishing such business relationship;
iv) obtain approval CAMLCO before establishing such business relationship in case of high risk IP accounts;
v) take reasonable measures to establish the source of fund of IP's account; and
vi) ongoing monitoring of the transactions have to be conducted.

#### 4.2.7.5 Definition Of Chief Executives Or Top Level Officials Of Any International Organization

**'Chief executive of any international organization or any top level official' refers to,** "Persons who are or have been entrusted with a prominent function by an international organization refers to members of senior management, i.e. directors, deputy directors and members of the boards or equivalent functions" (BFIU Circular No. 19 dated 17 September, 2017).

The heads of international organizations and agencies that exercise genuine political or economic influence (e.g. the United Nations, the International Monetary Fund, the World Bank, the World Trade Organization, and the International Labour Organization) must always be classed as this category.

#### 4.2.7.6 CDD Measures For Chief Executives Or Top Level Officials Of Any International Organization

Branches need to identify whether any of their customer is a CEO or top level officials of any international organization. Once identified branches need to apply enhanced CDD measures that is set out in 4.1.3of this Policy. Moreover, they need to perform the following:

i) Adopt the Risk Based Approach to determine whether a customer or the real beneficial owner of an account is a CEO or top level officials of any international organization;
ii) Obtain senior managements' approval before establishing such business relationship;
iii) Take reasonable measures to establish the source of fund of the account of a CEO or top level officials of any international organization;

iv) Monitor their transactions in a regular basis; and
v) All provisions of Foreign Exchange Regulation Act, 1947 and issued rules and regulations by Bangladesh Bank under this act have to be complied accordingly.

**4.2.7.7 Close Family Members And Close Associates of PEPs, Influential Persons and Chief Executives or Top Level Officials of Any International Organization**

In addition, close family members and close associates of these categories will also be classified as the same category. Close Family Members include-

a) the PEP's/influential persons/chief executive of any international organization or any top level official's spouse (or any person considered as equivalent to the spouse);
b) the PEP's/influential persons/chief executive of any international organization or any top level official's children and their spouses (or persons considered as equivalent to the spouses); and
c) the PEP's/influential persons/chief executive of any international organization or any top level official's parents;

There may be exceptional circumstances where the individual should not be classified as a 'Close Family Member' of the PEP, such as estrangement, divorce etc. In such cases, the circumstances must be thoroughly investigated, examined and caution exercised.In addition, where other family members such as the siblings, cousins, relatives by marriage of the PEP are deemed, by virtue of the nature of the relationship, to have a close relationship with the PEP, they should also be classified as PEPs.

A Close Associate of a PEP/Influential Person/Chief executive of any international organization or any top level official includes:

a) an individual who is known to have joint beneficial ownership or control of legal entities or legal arrangements, or any other close business relations with the PEP; and
b) an individual who has sole beneficial ownership or control of a legal entity or legal arrangement which is known to have been set up for the benefit of the PEP.

In addition, it should include any person publicly or widely known to be a close business colleague of the PEP, including personal advisors, consultants, lawyers, accountants, colleagues or the PEP's fellow shareholders and any person(s) that could potentially benefit significantly from close business associations with the PEP.

**4.2.7.8 CDD Measures For Close Family Members And Close Associates Of PEPs, Influential Persons And Chief Executives Or Top Level Officials Of Any International Organization**

Bank need to identify whether any of their customer is a family member or close associates of a PEP, IP or CEO or top level officials of any international organization.

Once identified banks need to apply enhanced CDD measures that is set out in 4.1.3 of this Policy. Moreover, they need to perform the following-

a) Banks have to adopt the Risk Based Approach to determine whether a customer or the real beneficial owner of an account is a family member or close associates of a PEP, IP or CEO or top level officials of any international organization;
b) Obtain senior managements' approval before establishing such business relationship;
c) Take reasonable measures to establish the source of fund of the account of a family member or close associates of a PEP, IP or CEO or top level officials of any international organization;
d) Monitor their transactions in a regular basis; and
e) All provisions of Foreign Exchange Regulation Act, 1947 and issued rules and regulations by Bangladesh Bank under this act have to be complied accordingly.

### 4.2.8 Persons without Standard Identification Documentation

Most people need to make use of the financial system at some point in their lives. It is important, therefore, that the socially or financially disadvantaged such as the elderly, the disabled, street children or people, students and minors should not be precluded from obtaining financial services just because they do not possess evidence of identity or address where they cannot reasonably be expected to do so. In these circumstances, a common sense approach and some flexibility considering risk profile of the prospective customers without compromising sufficiently rigorous anti money laundering procedures is recommended. Internal procedures must allow for this, and must provide appropriate advice to the concerned officer on how identity can be confirmed in these exceptional circumstances. The important point is that a person's identity can be verified from an original or certified copy of another document, preferably one with a photograph.

- A certifier must be a suitable person, such as for instance a lawyer, accountant, director or manager of a regulated institution, a notary public, a member of the judiciary or a senior civil servant. The certifier should sign the copy document (printing his name clearly underneath) and clearly indicate his position or capacity on it together with a contact address and phone number.
- Where the individual lives in accommodation for which he or she is not financially responsible, or for which there would not be documentary evidence of his/her address, it may be acceptable to accept a letter from the guardian or a similar professional as confirmation of a person's address. A Head of Branch may authorize the opening of a business relationship if s/he is satisfied with confirmation of identity circumstances but must record his/her authorization on the customer's file, and must also retain this information in the same manner and for the same period of time as other identification records.

# গ্রাহক নির্বাচন নীতিমালা

প্রথম সংস্করণ

জানুয়ারি, ২০১৯

**জনতা ব্যাংক লিমিটেড**

**এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট**

প্রধান কার্যালয়: ১১০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোন: ০২-৯৫৫৮৩৮৬

ই-মেইল: aml@janatabank-bd.com, ওয়েবসাইট: www.jb.com.bd

PABX: ৯৫৬০০০০, ৯৫৬০০৩৯, ৯৫৬৬০২০, ৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬০০২৭-৩০, বর্ধিত: ৫৪৯, ২০৫

# মুখবন্ধ

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সকল দেশের আর্থিক ব্যবস্থার জন্য একটা মারাত্মক হুমকি এবং এটা একটি দেশের সার্বভৌমত্ব, সম্মান ও খ্যাতি ধ্বংস করে। কোনো দেশের অর্থনৈতিক নিরাপত্তার প্রয়োজনে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন খুবই গুরুত্বপূর্ণ। কঠোর আইন ও নীতিমালা প্রণয়ন এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের বিরুদ্ধে আর্থিক ব্যবস্থাকে সুরক্ষিত করার লক্ষ্যে গৃহীত অন্যান্য ব্যবস্থাদির মাধ্যমে বিশ্বব্যাপী সমন্বিতভাবে এই অতি-অপরাধমূলক কার্যক্রম প্রতিহত করার চেষ্টা করা হচ্ছে।

যদিও ব্যাংকের সম্পূর্ণরূপে টিকে থাকা এবং সাফল্য অর্জনের জন্য গ্রাহক একটি গুরুত্বপূর্ণ অংশ। তবে এটা মনে রাখাও সমান গুরুত্বপূর্ণ যে, অপরাধীরা গ্রাহকরূপে ব্যাংকে প্রবেশ করে এবং মানিলন্ডারিংসহ সন্ত্রাসে অর্থায়নের মতো ক্ষতিকর ঝুঁকি সৃষ্টি করে। ফলে সঠিক সেবা প্রদান নিশ্চিত করার জন্য গ্রাহক নির্বাচন প্রক্রিয়া অন্যতম।

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী প্রতিটি ব্যাংক কর্তৃক গ্রাহকদের নির্বাচনের জন্য সুস্পষ্ট মানদন্ড সম্বলিত আদর্শ গ্রাহক নির্বাচন নীতিমালা প্রণয়ন করতে হবে, যা গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা নিশ্চিত করবে। আমাদের দেশে, বাণিজ্যিক ব্যাংকসমূহ পরিচয়বিহীন বা কাল্পনিক নামে কোন হিসাব খোলে না বা লেনদেন করে না। ব্যাংক কেবল সেই সব গ্রাহককে গ্রহণ করবে যাদের পরিচয় ঝুঁকির পরিপ্রেক্ষিতে Due Diligence ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠিত।

এই প্রেক্ষাপটে এ ব্যাংকের জন্য ইতোপূর্বে ইংরেজী ভাষায় প্রণীত Customer Acceptance Policy এর পাশাপাশি সহজবোধ্য বাংলা ভাষায় গ্রাহক নির্বাচন নীতিমালা প্রণয়ন করা হয়েছে যেখানে গ্রাহক নির্বাচন, পরিচিতি যাচাই, পেশা ও লেনদেন ভিত্তিক মানিলন্ডারিং ও সন্ত্রাসীকার্যে অর্থায়ন সম্পর্কিত ঝুঁকিসমূহ প্রশমনের পন্থা বর্ণিত হয়েছে। বাংলা ভাষায় প্রণীত নীতিমালাটি ব্যাংকের নতুন গ্রাহক নির্বাচন ও বিদ্যমান গ্রাহকের হিসাব পরিচালনার ক্ষেত্রে স্বল্প সময়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণসহ ব্যাংকের সর্বস্তরের নির্বাহী ও কর্মকর্তাদের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি মোকাবেলায় দিক নির্দেশনা হিসেবে কাজ করবে। পাশাপাশি ব্যাংকের সর্বস্তরের নির্বাহী ও কর্মকর্তাদেরকে এ বিষয়ক জ্ঞান বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

নতুন গ্রাহক নির্বাচন ও বিদ্যমান গ্রাহক ব্যবস্থাপনায় দিক নির্দেশনার জন্য নীতিমালা প্রণয়ন করার প্রক্রিয়াটি এ ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের একটি সামান্য প্রচেষ্টা মাত্র এবং এটি একটি চলমান প্রক্রিয়া যা প্রয়োজনে পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করা যাবে।

সহজবোধ্য বাংলা ভাষায় প্রণয়নকৃত গ্রাহক নির্বাচন নীতিমালাটি ১৪ জানুয়ারি, ২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৫৪ তম সভায় অনুমোদন করা হয়েছে।

মোঃ ইসমাইল হোসেন
উপব্যবস্থাপনা পরিচালক ও
CAMLCO

মোঃ আব্দুছ ছালাম আজাদ
সিইও এন্ড ব্যবস্থাপনা পরিচালক

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১.০ | ভূমিকা | ৭ |
| ২.০ | গ্রাহক নির্বাচন নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য | ৮ |
| ৩.০ | গ্রাহকের সংজ্ঞা | ৮ |
| ৪.০ | গ্রাহক স্বীকৃতির মানদণ্ড | ৯ |
| ৪.১ | গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (CDD) | ১০ |
| ৪.১.১ | গ্রাহক সম্পর্কিত সাধারণ সতর্কতামূলক ব্যবস্থা | ১১ |
| ৪.১.২ | চলমান CDD ব্যবস্থা (পর্যালোচনা এবং হালনাগাদ) | ১২ |
| ৪.১.৩ | গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা | ১৩ |
| ৪.১.৪ | গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সময় | ১৩ |
| ৪.১.৫ | লিগ্যাসী হিসাবের ব্যবস্থাপনা | ১৪ |
| ৪.১.৬ | তৃতীয় পক্ষের প্রতি নির্ভরতা | ১৪ |
| ৪.১.৭ | গ্রাহক সনাক্তকরণ | ১৪ |
| ৪.২ | গ্রাহকের গঠনমূলক পরিচিতি | ১৫ |
| ৪.২.১ | ব্যক্তিগত হিসাব | ১৫ |
| ৪.২.১.১ | যৌথ হিসাব | ১৭ |
| ৪.২.১.২ | নাবালক | ১৭ |
| ৪.২.১.৩ | সশরীরে অনুপস্থিত গ্রাহকের ক্ষেত্রে করণীয় | ১৭ |
| ৪.২.২ | ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান | ১৭ |
| ৪.২.৩ | কর্পোরেট বডি ও অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব | ১৮ |
| ৪.২.৪ | অংশীদারিত্ব ও অনিবন্ধিত ব্যবসায়ের হিসাব | ১৯ |
| ৪.২.৫ | সোসাইটি, সমিতি, এনজিও, ক্লাব, ট্রাষ্ট এবং অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব | ২০ |
| ৪.২.৬ | বিদেশে নিবন্ধিত কোম্পানীর হিসাব | ২০ |
| ৪.২.৭ | পলিটিক্যালি এক্সপোজড্ পারসন (PEPs), প্রভাবশালী ব্যক্তিবর্গ, আন্তর্জাতিক সংস্থার প্রধান অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত পারিবারিক সদস্য এবং সহযোগী: | ২১ |
| ৪.২.৭.১ | PEPs এর সংজ্ঞা | ২১ |
| ৪.২.৭.২ | PEPs হিসাবের সতর্কতামূলক ব্যবস্থা | ২১ |
| ৪.২.৭.৩ | IPs বা প্রভাবশালী ব্যক্তি এর সংজ্ঞা | ২২ |
| ৪.২.৭.৪ | প্রভাবশালী ব্যক্তিদের জন্য CDD ব্যবস্থা | ২৩ |
| ৪.২.৭.৫ | আন্তর্জাতিক সংস্থার প্রধান অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষ | ২৩ |
| ৪.২.৭.৬ | আন্তর্জাতিক সংস্থার প্রধান অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষ এর হিসাবের জন্য CDD ব্যবস্থা | ২৩ |

| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ৪.২.৭.৭ | PEPs, Influential Persons ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগী | ২৪ |
| ৪.২.৭.৮ | PEPs, Influential Persons ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগীর জন্য CDD ব্যবস্থা | ২৪ |
| ৪.২.৮ | যথাযথ সনাক্তকরণ দলিলবিহীন ব্যক্তিবর্গের হিসাব | ২৫ |
| ৪.২.৯ | ভাসমান/অনলাইন গ্রাহক | ২৫ |
| ৪.২.১০ | কার্ড / ইন্টারনেট ব্যাংকিং / মোবাইল ব্যাংকিং | ২৬ |
| ৪.২.১১ | প্রকৃত সুবিধাভোগী | ২৬ |
| ৪.২.১২ | আপনার গ্রাহকের গ্রাহককে জানুন | ২৬ |
| ৪.২.১৩ | সনাক্তকারী | ২৭ |
| ৪.২.১৪ | পাওয়ার অব অ্যাটর্নি / হিসাব পরিচালনার জন্য ম্যান্ডেট প্রদান | ২৭ |
| ৪.২.১৫ | করেসপন্ডেন্ট ব্যাংকিং | ২৭ |
| ৪.২.১৬ | অয়্যারট্রান্সফার | ২৮ |
| ৪.২.১৬.১ | আন্তঃ দেশীয় অয়্যারট্রান্সফার এর ক্ষেত্রে | ২৮ |
| ৪.২.১৬.২ | অভ্যন্তরীণ অয়্যারট্রান্সফার এর ক্ষেত্রে | ২৮ |
| ৪.২.১৬.৩ | অর্ডারিং, ইন্টারমিডিয়ারী ও বেনিফিশিয়ারি ব্যাংকের করণীয় | ২৮ |
| ৪.৩ | দলিলাদি যাচাইকরণ | ২৯ |
| ৪.৩.১ | তহবিলের উৎস যাচাইকরণ | ২৯ |
| ৪.৩.২ | ঠিকানা যাচাইকরণ | ২৯ |
| ৪.৩.৩ | ঠিকানা বা অন্য যেকোন পরিবর্তন | ২৯ |
| ৪.৩.৪ | যাচাইয়ের সময় ও সময়কাল | ৩০ |
| ৪.৪ | দলিলাদির যথার্থতা | ৩০ |
| ৫.০ | তথ্য সংরক্ষণ | ৩০ |
| ৫.১ | মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর অধীনে বাধ্যবাধকতা | ৩০ |
| ৫.২ | মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ এর অধীনে বাধ্যবাধকতা | ৩০ |
| ৫.৩ | বিএফআইইউ সার্কুলার নং ১৯, তারিখ ঃ ১৭-০৯-২০১৭ এর অধীনে বাধ্যবাধকতা | ৩১ |
| ৫.৪ | সংরক্ষণযোগ্য রেকর্ডসমূহ | ৩১ |
| ৬.০ | কর্মকর্তা নিয়োগ | ৩১ |
| ৬.১ | বিএফআইইউ সার্কুলার নং ১৯, তারিখ ঃ ১৭-০৯-২০১৭ এর অধীনে বাধ্যবাধকতা | ৩১ |
| ৬.২ | কর্মচারী বাছাই প্রক্রিয়া | ৩২ |
| ৬.৩ | কর্মচারী পরিচিতি | ৩২ |
| ৭.০ | এক নজরে নীতিমালা | ৩৩ |
| ৮.০ | উপসংহার | ৩৪ |
|  | তথ্যসূত্র | ৩৪ |

## ১.০ ভূমিকাঃ

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন বর্তমান সময়ের একটা বহুল আলোচিত বিষয়। সঠিক পরিসংখ্যান পাওয়া না গেলেও সারা পৃথিবীতে যে পরিমাণ আর্থিক কর্মকাণ্ড পরিচালিত হয়, তার একটি উল্লেখযোগ্য অংশই অবৈধ লেনদেন বা ক্ষেত্রবিশেষে মানিলন্ডারিং হয়ে থাকে। কোন দেশের সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক তথা সার্বিক অর্থনীতির উপর মানিলন্ডারিং এর ক্ষতিকর প্রভাব রয়েছে। মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন দেশের আর্থিক প্রতিষ্ঠান ও আর্থিক খাতের সুনামের প্রতি ব্যাপক হুমকিস্বরূপ। দেশের আর্থিক খাতকে স্থিতিশীল, মজবুত ও সহজীকরণের স্বার্থে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন কার্যক্রমকে প্রতিহত করার বিকল্প নেই।

জনতা ব্যাংক লিমিটেড বাংলাদেশে একটি অন্যতম বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসেবে দেশটির সামগ্রিক আর্থিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ১৯৭২ সালের ব্যাংক ন্যাশনালাইজেশান অর্ডারের (রাষ্ট্রপতির আদেশ-২৬) অধীনে ইউনাইটেড ব্যাংক লিমিটেড এবং ইউনিয়ন ব্যাংক লিমিটেডকে একীভূত করে 'জনতা ব্যাংক' হিসেবে ব্যাংকটি আবির্ভূত হয় এবং ২০০৭ সালের নভেম্বরে এটিকে লিমিটেড কোম্পানি হিসেবে পুনর্গঠন করা হয়। ১৯৭২ সালে প্রতিষ্ঠার পর থেকে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাংকটির প্রশংসনীয় অবদান রয়েছে এবং দেশের শক্তিশালী অর্থনৈতিক ভিত্তি গঠনেও ব্যাংকটির গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। জনতা ব্যাংক লিমিটেড সংযুক্ত আরব আমিরাতে ৪ টি বিদেশি শাখা এবং দেশের মধ্যে ৯০৯ টি শাখার মাধ্যমে ব্যবসা পরিচালনা করছে।

মানিলন্ডারিং একটি সাধারণ শব্দ, যা অবৈধ উৎস হতে প্রাপ্ত আয় দ্বারা অর্জিত সম্পদের মূল মালিকানা ও নিয়ন্ত্রণ আড়াল করে বৈধ উৎস থেকে প্রাপ্ত বলে মনে হয় এমন প্রক্রিয়াকরণের বর্ণনা দেয়। এর মাধ্যমে অপরাধীরা তাদের কৃত অপরাধের বিচার এবং সম্পৃক্ত সম্পদের বাজেয়াপ্তকরণ থেকে রক্ষা পেতে পারে। যে সব প্রক্রিয়া দ্বারা অপরাধলব্ধ সম্পত্তিকে বৈধ করা হয় তা অত্যন্ত বিস্তৃত। যদিও আর্থিক ক্ষেত্রের সহায়তা ছাড়াও অর্থ সফলভাবে লন্ডারিং হতে পারে, তবুও বাস্তবতা হচ্ছে বিশ্বব্যাপী অপরাধের মাধ্যমে অর্জিত শত শত কোটি মার্কিন ডলার সমপরিমাণ অর্থ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলির মাধ্যমে বৈধ করা হচ্ছে।

গ্রাহকগণ ব্যাংক ব্যবসা পরিচালনার মূল শক্তি। ব্যাংকের সম্পূর্ণরূপে টিকে থাকা এবং সাফল্য অর্জনের জন্য ও তারা একটি গুরুত্বপূর্ণ অংশ। তবে এটা মনে রাখাও সমান গুরুত্বপূর্ণ যে, কখনও কখনও অপরাধীরা গ্রাহকরূপে ব্যাংকে প্রবেশ করে এবং মানিলন্ডারিংসহ সন্ত্রাসে অর্থায়ন এর ঝুঁকি সৃষ্টি করে।

আমাদের দেশে, বাণিজ্যিক ব্যাংকসমূহ পরিচয়বিহীন বা কাল্পনিক নামে কোন হিসাব খোলে না বা লেনদেন করে না। ব্যাংক কেবল সেইসব গ্রাহককে গ্রহণ করবে যাদের পরিচয় ঝুঁকির পরিপ্রেক্ষিতে Due Diligence ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠিত।

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী প্রতিটি ব্যাংক কর্তৃক গ্রাহকদের নির্বাচনের জন্য সুস্পষ্ট মানদণ্ড সম্বলিত একটি আদর্শ গ্রাহক নির্বাচন নীতিমালা প্রণয়ন করতে হবে।

গ্রাহক নির্বাচন নীতিমালাটিতে অবশ্যই গ্রাহকের সাথে যে কোনো ধরনের ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের জন্য সুস্পষ্ট মানদণ্ড সমূহের উল্লেখ থাকতে হবে। গ্রাহকের অপর্যাপ্ত পরিচিতি ও অপ্রত্যাশিত উদ্দেশ্যে ব্যাংককে ব্যবহারের ঝুঁকি সম্পর্কে অনুধাবন করার জন্য একটি সুগঠিত গ্রাহক নির্বাচন নীতিমালা খুব গুরুত্বপূর্ণ। জনতা ব্যাংক লিমিটেড নির্ধারিত নিয়ন্ত্রণ কাঠামোর পাশাপাশি ব্যাংকের অভ্যন্তরীণ নীতিমালার আওতায় সকল গ্রাহকের দ্রুত এবং সার্বিক পরিসেবা নিশ্চিত করার জন্য সঠিকভাবে সংজ্ঞায়িত গ্রাহক নির্বাচন নীতিমালার প্রয়োজনীয়তা উপলব্ধি করে। নতুন এবং বিদ্যমান গ্রাহকদের উপর যথোপযুক্ত সুষ্ঠু পরিকল্পনা গ্রাহক নির্বাচন নীতির একটি গুরুত্বপূর্ণ অংশ।

উপরিউক্ত আইনি বাধ্যবাধকতার পাশাপাশি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের উপর নির্দেশিকা নোট এবং আন্তর্জাতিক মানদণ্ডের ভিত্তিতে এই গ্রাহক নির্বাচন নীতিমালাটি প্রস্তুত করা হয়েছে।

জনতা ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে নীতিমালায় কিছু গুরুত্বপূর্ণ বিষয় সুপারিশ করা হয়েছে যা গ্রাহক নির্বাচনে ব্যাপক ও বাস্তবায়নযোগ্য ভূমিকা রাখবে।

## ২.০ গ্রাহক নির্বাচন নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য

নীতিমালাটির প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে, মানিলন্ডারিং বা সন্ত্রাসে অর্থায়ন কর্মকাণ্ড পরিচালনায় ইচ্ছাকৃতভাবে বা অনিচ্ছায় ব্যাংককে ব্যবহৃত হওয়া থেকে প্রতিরোধ করা। এছাড়া নীতিমালাটিতে নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে ঃ

১) গ্রাহক এবং কর্মকর্তা/কর্মচারী নির্বাচনে সুস্পষ্ট মানদণ্ড প্রণয়ন করা;

২) ব্যাংকের আইনি ও সুনামের ঝুঁকির পাশাপাশি মানিলন্ডারিং ঝুঁকি নিয়ন্ত্রণ করার জন্য গ্রাহক এবং তাদের আর্থিক লেনদেনগুলো বুঝতে সক্ষম করে তোলা;

৩) প্রযোজ্য আইন বা নির্ধারিত পদ্ধতি অনুযায়ী সন্দেহজনক ক্রিয়াকলাপগুলোর সনাক্তকরণ এবং রিপোর্ট করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;

৪) হিসাব খোলার জন্য ব্যক্তি / প্রতিষ্ঠানের নিখুঁত পরিচয় যাচাই করার পদ্ধতি প্রবর্তন করা;

৫) কেওয়াইসি, এএমএল এবং সিএফটি পদ্ধতির বিষয়ে সংশ্লিষ্ট কর্মীদের পর্যাপ্ত প্রশিক্ষণ নিশ্চিত করা;

৬) মানিলন্ডারিং বা সন্ত্রাসে অর্থায়নের উদ্দেশ্যে ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃতভাবে ব্যাংককে ব্যবহৃত হওয়া থেকে প্রতিরোধ করা;

৭) উচ্চতর ঝুঁকি সৃষ্টি করতে পারে এমন গ্রাহকগণকে চিহ্নিত করা।

এই নীতিমালাটি ব্যাংকের সমস্ত দেশী/বিদেশী শাখা/অফিস/সাবসিডিয়ারির জন্য প্রযোজ্য।

বিএফআইইউ কর্তৃক ইতোপূর্বে ব্যাংকের হিসাব খোলা ও যথাযথ কর্তৃপক্ষের কাছে সন্দেহজনক লেনদেন রিপোর্ট করার উদ্দেশ্যে পরিপূর্ণ এবং সঠিক গ্রাহক নির্বাচন পদ্ধতি অবলম্বন করার পরামর্শ দেয়া হয়েছিল। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে জনতা ব্যাংক লিমিটেড নির্দেশ বিজ্ঞপ্তি নং ১০৩/০৮ তারিখঃ ২৩-১২-২০০৮ এর মাধ্যমে গ্রাহক নির্বাচন নীতিমালা জারী করে। বর্তমানে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে FATF এর মানদণ্ডের ও বিএফআইইউ এর পরামর্শের ভিত্তিতে বিশদভাবে গ্রাহক নির্বাচন নীতিমালাটি প্রস্তুত করা হয়েছে। 'Know Your Customer' এবং মানিলন্ডারিং প্রতিরোধ ব্যবস্থা নিশ্চিত করার জন্য পর্ষদ কর্তৃক অনুমোদিত যথাযথ নীতিমালা প্রণয়নের বিষয়ে ব্যাংকসমূহকে বিএফআইইউ কর্তৃক পরামর্শ দেয়া হয়েছে।

## ৩.০ গ্রাহকের সংজ্ঞা

বিএফআইইউ সার্কুলার নং ১৯ তারিখ ঃ ১৭ সেপ্টেম্বর ২০১৭ অনুযায়ী গ্রাহকের সংজ্ঞা নিম্নরূপ-

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহক বলতে নিম্নোক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে:

(১) ব্যাংকের সাথে হিসাব সংরক্ষণ করে বা ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এমন যে কোনো ব্যক্তি বা সত্তা;

(২) ব্যাংক হিসাব বা ব্যবসায়িক সম্পর্কের প্রকৃত সুবিধাভোগী (Beneficial owner); প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যার পক্ষে হিসাব পরিচালিত হয়;

(৩) বিদ্যমান আইনী কাঠামোর আওতায় কোনো হিসাবধারী, ট্রাস্ট বা লেনদেনের প্রকৃত সুবিধাভোগীর হিসাব পরিচালনার জন্য নিযুক্ত কোনো পেশাদার মধ্যস্থতাকারী (আইনজীবী, আইন পরামর্শক প্রতিষ্ঠান, চার্টার্ড এ্যাকাউন্টেন্ট ইত্যাদি); এবং

(৪) কোনো ব্যক্তি বা সত্তা কর্তৃক একক লেনদেনে সংঘটিত অধিক মূল্যের Occasional Transaction বা প্রতিষ্ঠানের সুনাম এবং অন্য কোন ঝুঁকি সৃষ্টি করতে পারে এমন আর্থিক লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি বা সত্তা;

(৫) বিএফআইইউ কর্তৃক সময় সময় সংজ্ঞায়িত ব্যক্তি বা সত্তা।

**৪.০ গ্রাহক স্বীকৃতির মানদণ্ড**

জনতা ব্যাংক লিমিটেড গ্রাহক নির্বাচনের জন্য স্পষ্ট মানদণ্ড এবং বিভিন্ন শ্রেণীর গ্রাহক, যারা আর্থিক প্রতিষ্ঠানে স্বাভাবিকের চেয়ে উচ্চ ঝুঁকি সৃষ্টি করতে পারে, তাদের বিবরণসহ একটি স্বচ্ছ গ্রাহক নির্বাচন নীতি এবং পদ্ধতি প্রণয়ন করেছে। নীতিমালাটি প্রস্তুত করতে নিম্নোক্ত প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ বিষয়সমূহ বিবেচনা করা হয়েছে ঃ

- গ্রাহকের পরিচিতি;
- জন্মস্থান;
- পাবলিক বা উচ্চ পরিচিতিমূলক অবস্থান;
- সম্পর্কিত হিসাবসমূহ;
- গ্রাহকের ব্যবসায়িক কার্যক্রম;
- হিসাব খোলার মৌলিক শর্ত;
- অন্যান্য ঝুঁকি নির্দেশকসমূহ।

উল্লেখ্য যে, গ্রাহক নির্বাচন নীতিমালাটি এমন কঠোর হবে না যার ফলে সাধারণ জনগণ, বিশেষ করে অর্থনৈতিক ও সামাজিকভাবে অনগ্রসর জনগণের জন্য বাঁধার সৃষ্টি হয়। অপর পক্ষে, অর্থের উৎস অস্বচ্ছ এমন উচ্চ নেট সম্পদধারী ব্যক্তির ক্ষেত্রে অতিরিক্ত সতর্কতামূলক ব্যবস্থা আবশ্যিকভাবে প্রযোজ্য হবে। উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহক, যেমন জন প্রতিনিধি অথবা Politically Exposed Persons (PEPs) এর সাথে ব্যবসায়িক সম্পর্ক তৈরি করার ক্ষেত্রে কেবল ঊর্ধ্বতন কর্তৃপক্ষের (Senior management) অনুমোদনক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে। গ্রাহক নির্বাচনের সময় গ্রাহক নির্বাচন নীতিমালা নির্দেশিত নিম্নোক্ত নির্দেশনাবলী শাখাসমূহকে কঠোরভাবে মেনে চলতে হবে ঃ

১. যে সব গ্রাহকের প্রকৃত পরিচয় Due Diligence এর মাধ্যমে প্রতিষ্ঠিত, তাদেরকেই শাখাসমূহ গ্রাহক হিসেবে গ্রহণ করবে।

২. বেনামে বা কল্পিত নামে কোন হিসাব খোলা যাবে না। শাখাসমূহ গ্রাহকের পূর্ণ এবং সঠিক নাম সংগ্রহ করবে, যথাযথভাবে KYC প্রস্তুত করবে এবং এর সাথে সামঞ্জস্যপূর্ণ দলিলাদি সংরক্ষণ করবে;

৩. অর্থের উৎস, ব্যবসা পরিচালনার ধরণ, গ্রাহকের নিজের এবং তার গ্রাহকের অবস্থান, পরিশোধ পদ্ধতি, সম্পদের পরিমাণ, প্রদানকৃত সেবাসমূহ, সামাজিক এবং অর্থনৈতিক অবস্থা ইত্যাদি ঝুঁকি বিষয়ক পরিমাপকসমূহ সম্পর্কে স্বচ্ছ ধারণা লাভ করে গ্রাহকদেরকে বিভিন্ন রিস্ক গ্রেডে বিভক্ত করতে হবে;

৪. বিভিন্ন শ্রেণীতে বিভক্ত গ্রাহকের ঝুঁকির উপর ভিত্তি করে প্রয়োজনীয় দলিলাদি ও অন্যান্য তথ্য সংগ্রহ করতে হবে;

৫. ব্যাংক কর্তৃক গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা সম্ভব না হলে, যেমন: গ্রাহকের পরিচিতি যাচাই করতে অসমর্থ হলে বা ঝুঁকির ভিত্তিতে গ্রাহককে শ্রেণীকরণের ক্ষেত্রে গ্রাহকের অসহযোগিতা বা অনির্ভরযোগ্যতার কারণে যদি ব্যাংক যথাযথ তথ্য-উপাত্ত সংগ্রহ করতে ব্যর্থ হয়, তাহলে উক্ত গ্রাহকের হিসাব খোলা যাবে না এবং বিদ্যমান গ্রাহকের হিসাব বন্ধ করা যাবে। এক্ষেত্রে গ্রাহককে হিসাব বন্ধের কারণ ব্যাখ্যাকরতঃ নোটিশ প্রদানের পর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক হিসাব বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করা যাবে;

৬. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলুশন অনুযায়ী কালো তালিকাভুক্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান ও তাদের সাথে স্বার্থসংশ্লিষ্টদের নামে এবং বাংলাদেশ সরকার কর্তৃক নিষিদ্ধ তালিকাভুক্ত ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠানের নামে কোনো হিসাব খোলা বা পরিচালনা করা যাবে না;

৭. সংখ্যাভিত্তিক কোনো হিসাব খোলা যাবে না;

৮. কোনো Shell Bank বা Shell Company এর সাথে কোনো ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না;

৯. কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান সন্ত্রাসী কার্যক্রমের সাথে জড়িত নির্ভরযোগ্য সূত্র থেকে এমন কোন তথ্য পাওয়া গেলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে কোনো হিসাব খোলা যাবে না এবং হিসাব খোলা হয়ে থাকলে তাৎক্ষণিক লেনদেন বন্ধ করতে হবে;

১০. যদি কোনো গ্রাহক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে নিযুক্ত হন তাহলে আর্থিক সেবা সম্পর্কিত প্রতিষ্ঠিত আইন এবং চর্চা (Practice) অনুযায়ী হিসাব পরিচালনাকারী, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা জিম্মাদার ক্ষমতায় মধ্যস্থতাকারী সম্পর্কে স্পষ্ট বর্ণনা থাকতে হবে;

১১. গ্রাহক প্রচলিত কোনো সন্ত্রাসী চক্রের সদস্য অথবা নিষিদ্ধ সন্ত্রাসী ব্যক্তি বা সংগঠনের সদস্য কিনা হিসাব খোলার পূর্বে তা যাচাই করতে হবে;

১২. গ্রাহকের অবস্থার অগ্রগতির সাথে সাথে তার হিসাবের লেনদেনের ধরণ এবং লেনদেনের পরিমাণও পরিবর্তিত হতে পারে। সময়ের সাথে সাথে সাধারণ গ্রাহকও ঝুঁকিপূর্ণ গ্রাহকে পরিণত হতে পারে। এপ্রেক্ষিতে গ্রাহক নির্বাচন নীতিমালায় অবশ্যই ব্যবসায়িক সম্পর্কের মাধ্যমে গ্রাহকের আচরণ পর্যবেক্ষণের প্রয়োজনীয় পন্থা অন্তর্ভুক্ত থাকবে, যেমন: উচ্চ ঝুঁকিসম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ১ বছর পর পর এবং নিম্ন ঝুঁকিসম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে ৫ বছর পর পর গ্রাহকের KYC পর্যালোচনা করা;

১৩. এছাড়া গ্রাহক নির্বাচন সংক্রান্ত বিএফআইইউ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে।

### ৪.১ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (CDD)

গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা বা CDD বলতে নির্ভরযোগ্য ও স্বাধীন উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি নিশ্চিতকরণ, সংগৃহীত পরিচিতিমূলক তথ্য বা উপাত্তের সঠিকতা এবং অর্থের উৎস যাচাইকরণসহ হিসাবের পরিচিতিমূলক তথ্য বা উপাত্ত ও লেনদেন নিয়মিতভাবে (on-going) মনিটরিং করাকে বুঝায়। গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ ও যাচাইকরণ (KYC), CDD প্রক্রিয়ার একটি অংশ।

আইন এবং নিয়ন্ত্রণ কাঠামোর অধীনে ব্যাংকগুলোতে CDD বাধ্যতামূলক করা হয়েছে, যাতে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের জন্য ব্যাংকিং প্রতিষ্ঠানসমূহকে অপব্যবহার করা কঠিন হয়।

নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ কারণে ব্যাংককে গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে ঃ

- গ্রাহকের পরিচিতি এবং ব্যাংকের সাথে সম্পর্ক স্থাপনের অন্তর্নিহিত উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য ব্যাংকের সন্তুষ্টি সাপেক্ষে পর্যাপ্ত তথ্য সংগ্রহ করা;
- সরকার ও আন্তর্জাতিকভাবে নিষিদ্ধ তালিকাভুক্ত নয় এমন গ্রাহক যারা অন্য কারও পক্ষে হিসাব পরিচালনা করছে বলে ধারণা করা হচ্ছে, তাদের কাঙ্খিত সেবাসমূহ প্রদান করার জন্য তাদের সম্পর্কে প্রতিষ্ঠানকে যুক্তিসঙ্গতভাবে সন্তুষ্ট হতে সহযোগিতা করা;
- যেকোনো তদন্তের প্রয়োজনে আইন প্রয়োগকারী সংস্থাকে তদন্তকালীন সময়ে গ্রাহক সম্পর্কে প্রকৃত তথ্য সরবরাহ করতে পারা।

মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ অনুযায়ী গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের নিম্নবর্ণিত বাধ্যবাধকতা রয়েছেঃ

- ব্যাংক কর্তৃক গ্রাহক সনাক্ত করতে হবে (স্থায়ী অথবা সাময়িক কিনা, এবং স্বাভাবিক অথবা বৈধ ব্যক্তি অথবা বৈধ সত্তা কিনা) এবং নির্ভরযোগ্য,স্বাধীন উৎস হতে দলিল, উপাত্ত অথবা তথ্য (সনাক্তকরণ উপাত্ত) ব্যবহার করে ঐ গ্রাহকের পরিচিতির সঠিকতা যাচাই করবে। গ্রাহক বা প্রকৃত সুবিধাভোগীর পরিচিতি যাচাই অনেকগুলো স্বাধীন পরীক্ষা ও তদন্তের মাধ্যমে করতে হবে এবং কেবল গ্রাহক বা প্রকৃত সুবিধাভোগী কর্তৃক সরবরাহকৃত দলিলাদির ওপর নির্ভর করবে না। গ্রাহকের পক্ষে কোন ব্যক্তিকে কাজ করার জন্য ক্ষমতা দেয়া হয়েছে কিনা তা ব্যাংক যাচাই করবে এবং ঐ ব্যক্তির পরিচিতি সনাক্ত ও যাচাই করবে;
- ব্যাংক তার সন্তুষ্টির জন্য প্রকৃত সুবিধাভোগীকে সনাক্ত করবে এবং নির্ভরযোগ্য উৎস হতে প্রাপ্ত প্রাসঙ্গিক তথ্য বা উপাত্ত ব্যবহার করে প্রকৃত সুবিধাভোগীর পরিচয় যাচাই করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;
- গ্রাহকের ব্যবসায়িক সম্পর্কের উদ্দেশ্য ও অভিপ্রায় বুঝে তার ভিত্তিতে ব্যাংক যথাযথ তথ্য সংগ্রহ করবে। তাছাড়া ব্যাংক ব্যবসায়িক সম্পর্কের ওপর চলমান Due Diligence পরিচালনা করবে;
- ব্যবসায়িক সম্পর্ক চলাকালীন সময়ে ব্যাংক গ্রাহকের প্রকৃতি, ব্যবসা ও প্রয়োজনে তহবিলের উৎসসহ Transaction Profile (TP) এর সাথে তার লেনদেন সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই করে নিশ্চিত হবে।

**৪.১.১ গ্রাহক সম্পর্কিত সাধারণ সতর্কতামূলক ব্যবস্থা**

কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে ব্যাংকিং সম্পর্ক স্থাপনের সময় শাখাসমূহকে নিম্নবর্ণিত নিয়মাবলী পরিপালন করতে হবে ঃ

ক) গ্রাহকের পরিচিতি এবং ব্যাংকের সাথে সম্পর্ক স্থাপনের অন্তর্নিহিত উদ্দেশ্য সম্পর্কে শাখাসমূহকে সতর্ক থাকতে হবে এবং পরিচিতি নিশ্চিত হওয়ার জন্য ব্যাংক প্রকৃত তথ্য সংগ্রহ করবে;

খ) শাখাসমূহ আবশ্যিকভাবে গ্রাহক এবং গ্রাহকের পক্ষে হিসাব পরিচালনাকারীর পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করবে;

গ) যে কোনো ধরনের হিসাব বা পরিসেবা প্রদানের ক্ষেত্রে সম্ভাব্য গ্রাহকগণের পরিচিতি যাচাইয়ের জন্য পরিচিতিমূলক দলিলাদি সংগ্রহ করতে হবে;

ঘ) প্রতিটি হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্ত করতে হবে। এক্ষেত্রে শাখার সন্তুষ্টি সাপেক্ষে স্বাধীন ও নির্ভরযোগ্য সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নিম্নোক্তভাবে হিসাবের প্রকৃত সুবিধাভোগী'র পরিচিতি নিশ্চিত করতে হবে ঃ

(i) যদি কোন গ্রাহক অন্য কোন ব্যক্তির পক্ষে হিসাব পরিচালনা করে, সে ক্ষেত্রে গ্রাহক ছাড়াও উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;

(ii) আপাতঃদৃষ্টিতে কোনো ব্যক্তি যদি কোনো গ্রাহককে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রণ/প্রভাবিত করে সে ক্ষেত্রে উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে এবং

(iii) কোম্পানির ক্ষেত্রে হিসাবের প্রকৃত সুবিধাভোগীর পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে; এক্ষেত্রে যিনি/যাদের উক্ত কোম্পানির উপর নিয়ন্ত্রণযোগ্য স্বার্থ (Controlling ownership interest) রয়েছে, তিনি/তারা হিসাবের প্রকৃত সুবিধাভোগী বলে বিবেচিত হবেন। কোম্পানিতে কোনো ব্যক্তির ২০% বা এর অধিক শেয়ার থাকলে তিনি ঐ কোম্পানির প্রকৃত সুবিধাভোগী বলে গণ্য হবেন।

(iv) উপর্যুক্ত (i) ও (ii) এর নির্দেশনা পূরণকল্পে কোনো ব্যক্তি চিহ্নিত করা সম্ভব না হলে প্রধান নির্বাহী কর্মকর্তার সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

**৪.১.২ চলমান CDD ব্যবস্থা (পর্যালোচনা এবং হালনাগাদকরণ)**

প্রতিটি শাখা নির্দিষ্ট সময় অন্তর অন্তর গ্রাহকের পরিচিতিমূলক তথ্য পর্যালোচনা ও হালনাগাদকরণের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে এরূপ প্রক্রিয়া প্রতি ৫ (পাঁচ) বছর অন্তর অন্তর এবং উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে এরূপ প্রক্রিয়া ১ (এক) বছর পর পর সম্পন্ন করতে হবে। তবে গ্রাহকের পরিচিতিমূলক তথ্যের যে কোনো পরিবর্তন অবগত হওয়ার সাথে সাথেই তা হালনাগাদ করতে হবে। উপরন্তু, নির্দিষ্ট কোনো প্রয়োজন অনুভূত হলে যে কোনো সময়েই গ্রাহকের পরিচিতিমূলক তথ্য হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত তথ্যের ভিত্তিতে অবিলম্বে এসব হিসাবের ঝুঁকি পুনরায় নির্ণয় করতে হবে।

গ্রাহকের পেশা, ব্যবসায়ের পরিবর্তন, মালিকানার পরিবর্তন, লেনদেনের প্যাটার্ন পরিবর্তন, ঠিকানা ও চাকুরির বিস্তারিত তথ্য সম্পর্কে পরবর্তীতে যে কোনো পরিবর্তনের বিষয়ে শাখা অবগত হলে তা সিডিডি এর অংশ হিসেবে রেকর্ড করতে হবে।

শাখা গ্রাহকের হিসাবের লেনদেনের অনুমিত মাত্রা (Transaction Profile) সম্পর্কে গ্রাহকের ঘোষণা নির্ধারিত ফরমে সংগ্রহ করবে। গ্রাহকের প্রকৃতি, পেশা, অর্থের উৎস ও লেনদেনের ধরণ পর্যালোচনাপূর্বক ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ৬ (ছয়) মাস পরে গ্রাহক কর্তৃক সম্পাদিত লেনদেনের যথার্থতা নিরূপণপূর্বক প্রয়োজনীয় সংশোধনী সাপেক্ষে লেনদেনের অনুমিত মাত্রা শাখা নিজেই নির্ধারণ করবে। তবে হিসাব খোলার সময় গ্রাহক কর্তৃক প্রদত্ত লেনদেনের অনুমিত মাত্রা এবং ৬ (ছয়) মাসের প্রকৃত লেনদেন উল্লেখযোগ্য হারে বৃদ্ধির ক্ষেত্রে গ্রাহকের সাথে আলোচনাপূর্বক লেনদেনের অনুমিত মাত্রা সংশোধন করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সন্দেহ হলে সন্দেহজনক লেনদেন/কার্যক্রম রিপোর্ট করবে।

### ৪.১.৩ গ্রাহক সম্পর্কিত অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced CDD Measures)

প্রয়োজন অনুযায়ী শাখাগুলো গ্রাহক সম্পর্কিত সাধারণ সতর্কতামূলক ব্যবস্থার অতিরিক্ত হিসেবে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবে। নিম্ন লিখিত পরিস্থিতিতে ব্যাংক Enhanced Due Diligence (EDD) পরিচালনা করবেঃ

- উচ্চ মাত্রায় ঝুঁকি বহনকারী ব্যক্তি বা বৈধ সত্তাসমূহ;
- Politically Exposed Persons (PEPs), প্রভাবশালী ব্যক্তি (IPs) এবং কোনো আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা হিসেবে সনাক্ত করা হয়েছে এমন ব্যক্তি;
- পরিমাণ এবং জটিলতার দিক দিয়ে অস্বাভাবিক হিসেবে চিহ্নিত লেনদেনসমূহ আপাত দৃষ্টিতে যার কোন অর্থনৈতিক ও বৈধ উদ্দেশ্য নেই;
- যেসব দেশ বা অঞ্চল মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমন: ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সের পাবলিক স্টেটমেন্টে High Risk and Non Cooperative Jurisdiction হিসেবে তালিকাভুক্ত দেশ বা অঞ্চল) সেসব দেশের কোন ব্যক্তির (আইনগত প্রতিনিধিসহ, আর্থিক প্রতিষ্ঠান বা যে কোন প্রতিষ্ঠান) সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও বজায় রাখা এবং লেনদেন সম্পাদনের ক্ষেত্রে।

অধিকতর সতর্কতামূলক ব্যবস্থায় নিম্নোক্ত ব্যবস্থাদি অন্তর্ভুক্ত থাকবে ঃ

- নিরপেক্ষ ও নির্ভরযোগ্য উৎস (Independent and reliable Sources) থেকে গ্রাহকের পরিচিতি সম্পর্কিত অতিরিক্ত তথ্যাদি সংগ্রহ করতে হবে এবং গ্রাহক ও প্রকৃত সুবিধাভোগীর সনাক্তকরণ ডাটা নিয়মিত ভাবে আরও হালনাগাদ করতে হবে;
- হিসাব খোলার উদ্দেশ্য, হিসাবের অর্থ ও সম্পদের উৎস জানার জন্য অধিকতর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- প্রযোজ্য ক্ষেত্রে ব্যবসায়িক সম্পর্ক আরম্ভ বা চালিয়ে যাওয়ার জন্য প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ এবং
- উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকগণের হিসাবের লেনদেন নিয়মিতভাবে অধিকতর মনিটর করতে হবে।

### ৪.১.৪ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের সময় ঃ

শাখাসমূহ কর্তৃক নিম্নলিখিত যে কোনো কর্মসম্পাদনের সময় সিডিডি ব্যবস্থা প্রয়োগ করতে হবে ঃ

- ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের সময়;
- আকস্মিক লেনদেন সংঘটনের সময় অর্থাৎ Walk- in customers কর্তৃক সম্পাদিত ৫ লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের লেনদেন সংঘটিত হলে;
- মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঘটতে পারে সন্দেহ হলে অথবা
- গ্রাহক সনাক্তকরণ অথবা সত্যতা প্রমাণের উদ্দেশ্যে ইতোপূর্বে প্রাপ্ত তথ্য, উপাত্ত বা দলিলাদির সত্যতা যাচাইয়ের সময় যদি কোন সন্দেহের উদ্রেক হয়।

### ৪.১.৫ লিগ্যাসী হিসাবের ব্যবস্থাপনা

৩০ এপ্রিল, ২০০২ তারিখের পূর্বে খোলা যে সকল হিসাবে এখনও KYC গ্রহণ প্রক্রিয়া সম্পাদন করা হয়নি, তাকে লিগ্যাসি হিসাব বলা হয়। এই লিগ্যাসি হিসাবসমূহকে ডরমেন্ট করে রাখতে হবে। এসব হিসাবে কোন অবস্থায় উত্তোলন অনুমোদন করা যাবে না, শুধু জমা করা যাবে। যথাযথ CDD প্রক্রিয়া সম্পাদনের পর এসব হিসাবকে সম্পূর্ণরূপে সচল করা যাবে। কেন্দ্রীয় পরিপালন কমিটির কাছে এধরনের হিসাবসমূহের তথ্য সংরক্ষিত থাকবে।

### ৪.১.৬ তৃতীয় পক্ষের উপর নির্ভরতা

বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি সাপেক্ষে CDD প্রক্রিয়া সম্পাদনের জন্য ব্যাংক নিম্লোক্ত উপকরণগুলোতে তৃতীয় পক্ষের উপর নির্ভর করতে পারে ঃ

ক) গ্রাহকের পরিচিতি সনাক্ত ও যাচাই;
খ) প্রকৃত সুবিধাভোগী ও নিয়ন্ত্রণ কাঠামো সনাক্ত;
গ) নিম্লোক্ত উপাদানের ভিত্তিতে ব্যবসায়িক সম্পর্ক তৈরির উদ্দেশ্য ও প্রকৃতি সনাক্ত:

- উপরে উল্লিখিত ক্রমিক ক ও খ সংশ্লিষ্ট তথ্যাদি তৃতীয় পক্ষ তাৎক্ষণিকভাবে সংগ্রহ করবে;
- তৃতীয় পক্ষের নিকট রক্ষিত সকল প্রয়োজনীয় উপাত্ত ও দলিলাদি কোনরূপ বিলম্ব ছাড়াই ব্যাংকের জন্য সহজলভ্য হতে হবে;
- ব্যাংককে এই মর্মে সন্তুষ্ট হতে হবে যে, এই নীতিমালায় নির্ধারিত মানদণ্ড অনুযায়ী তৃতীয় পক্ষকে নিয়ন্ত্রণ, তদারকি ও মনিটর করা হয় এবং সিডিডি পরিপালন ও দলিলাদি সংরক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### ৪.১.৭ গ্রাহক সনাক্তকরণ

গ্রাহক সনাক্তকরণ CDD ব্যবস্থাপনার একটি অত্যাবশ্যকীয় অংশ। KYC এর জন্য শুধু দলিলাদি সংগ্রহ করাই যথেষ্ট নয়, গ্রাহক সনাক্তকরণ করা খুবই গুরুত্বপূর্ণ। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর নির্দেশনা মোতাবেক সকল রিপোর্টিং এজেন্সিকে গ্রাহকের পরিচিতির সঠিক ও বাস্তব তথ্যাদি সংগ্রহ করতে হবে।

FATF এর সুপারিশ নং ১০ মোতাবেক নিম্নবর্ণিত অবস্থায় কোন হিসাব খুলবে না এবং বিদ্যমান হিসাব বন্ধ করে দেবে ঃ

১) গ্রাহকের সঠিক ও পূর্ণাঙ্গ পরিচিতি বিভিন্ন নির্ভরযোগ্য স্বাধীন তথ্য ও দলিলাদির মাধ্যমে নিশ্চিত করতে না পারলে;

২) প্রকৃত সুবিধাভোগী নির্ণয় ও সনাক্ত করতে না পারলে;

৩) ব্যবসায়ের প্রকৃতি ও হিসাব খোলার উদ্দেশ্য সম্পর্কে ধারণা লাভ করতে না পারলে;

৪) গ্রাহকের লেনদেন ও অর্থের উৎস, গ্রাহক ও তার ব্যবসা সম্পর্কে লব্ধ ধারণা এবং গ্রাহকের ব্যবসা ও ঝুঁকির প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে;

ব্যাংক অবশ্যই তার সন্তুষ্টি সাপেক্ষে সঠিক ব্যক্তির সাথে লেনদেন করবে এবং অনুমোদিত হিসাব ও লেনদেন পরিচালনাকারীকে সনাক্ত ও যাচাই করবে। এছাড়াও ব্যক্তিগতভাবে সম্ভাব্য গ্রাহকের সাক্ষাৎকার গ্রহণ করবে। এর ফলে কল্পিত হিসাব খোলা হতে ব্যাংক নিরাপত্তা পাবে।

### ৪.২ গ্রাহকের গঠনমূলক পরিচিতি

সাধারণভাবে পরিচয় বলতে কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্যকে বুঝায় যা কোন স্বাভাবিক ও বৈধ ব্যক্তিকে সংজ্ঞায়িত করে। প্রধানতঃ দু'টি উপাদান ব্যক্তির পরিচয় প্রদান করে। মনে রাখতে হবে যে, একজন ব্যক্তি একক, কর্পোরেট বডি, অংশীদার ইত্যাদির মধ্যে যে কোন বৈধ ব্যক্তির একজন হতে পারে। এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে গ্রাহকের পরিচিতির উপাদান ২টি হলো ঃ

১) ফিজিক্যাল পরিচয়ঃ জন্ম সনদ, টিআইএন, ভ্যাট রেজিষ্ট্রেশন, পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স।
২) কার্যকলাপঃ গ্রাহকের ব্যক্তিগত আচরণ, ব্যবসার প্রকৃতি এবং প্রত্যাশিত ও সম্ভাব্য লেনদেনের ধরণ ইত্যাদি।

গ্রাহক কোন উচ্চ ঝুঁকি সম্পন্ন দেশের বাসিন্দা কিনা তা জানতে ঠিকানা খুবই কার্যকরী। বাংলাদেশ একটি পক্ষ হিসাবে জাতিসংঘ বা অন্য কোন আন্তর্জাতিক নিষেধাজ্ঞা (Sanction) এড়ানোর জন্য গ্রাহকের বাসস্থান ও জাতীয়তা সম্পর্কে ধারণা রাখা জরুরী। সনাক্তকরণ প্রমাণক হিসাবে পাসপোর্ট রাখলে- পাসপোর্ট নম্বর, ইস্যুর তারিখ, ইস্যুর স্থান ও মেয়াদোত্তীর্ণের তারিখ সংরক্ষণ করতে হবে। ব্যবসায়িক লেনদেন প্রতিষ্ঠিত হওয়ার সাথে সাথে সুযোগ পাওয়া মাত্র গ্রাহকের বর্ণনামূলক তথ্য হালনাগাদ করতে হবে। এ বিষয়ে অধিকতর গুরুত্ব দিতে হবে যে, আবেদন করার বা হিসাব খোলার সাথে সাথেই সনাক্তকরণ শেষ নয়, গ্রাহকের ব্যক্তি সম্পর্কিত সার্বিক তথ্যাদি এবং প্রতিষ্ঠানের মধ্যে সকল সেক্টরের পরিচিতির তথ্য নিশ্চিত ও হালনাগাদ করতে হবে।

#### ৪.২.১ ব্যক্তিগত হিসাব

কোনো একজন ব্যক্তি নিজ নামে ব্যাংকে যে কোনো ধরনের হিসাব খুলতে আগ্রহ প্রকাশ করলে তাঁর পরিচিতি নিশ্চিত করার জন্যে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কাগজপত্র/তথ্য গ্রহণ করতে হবেঃ

- পূর্ণাঙ্গ এবং সঠিক নাম
- পিতা-মাতার পূর্ণ নাম
- স্বামীর/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে)
- জন্ম তারিখ
- বর্তমান ও স্থায়ী ঠিকানা
- পেশা এবং অর্থের উৎস সম্পর্কে বিস্তারিত তথ্য
- যোগাযোগের তথ্য, যেমন- মোবাইল নম্বর বা টেলিফোন নম্বর/ই-মেইল ঠিকানা
- স্বাক্ষরসহ নমিনির তথ্য
- হিসাবধারীর ক্ষেত্রে পরিচিতি দানকারী কর্তৃক এবং নমিনির ক্ষেত্রে হিসাবধারী কর্তৃক যথাযথভাবে স্বাক্ষরিত ছবি

নিম্নোক্ত ফটোযুক্ত আইডিসমূহ গ্রাহক সনাক্তকরণে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখতে পারে ঃ

- বৈধ ও চলমান পাসপোর্ট
- বৈধ ড্রাইভিং লাইসেন্স
- জাতীয় পরিচয়পত্র
- চাকরিদাতা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত চাকরিজীবীর ছবি ও স্বাক্ষর সম্বলিত আইডি কার্ড।

সনাক্তকরণ সনদসমূহ যেগুলোতে ছবি  এবং স্বাক্ষর থাকে না এবং যা সহজলভ্য, তা পরিচিতি প্রমাণের জন্য যথার্থ নয়, যেমন ঃ

- জন্ম সনদ
- স্থানীয় সরকার বা এর অঙ্গ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদপত্র
- ক্রেডিট কার্ড
- দেশের বাইরে ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স

যদি কোনো গ্রাহক উপরিল্লিখিত সনদসমূহের যেকোনটি ব্যবহার করতে চায়, তবে গ্রহণযোগ্য ও সামাজিকভাবে পরিচিত কোনো ব্যক্তি কর্তৃক সত্যায়িত ছবি সংযুক্ত করে তার স্বাক্ষরিত একটি পরিচিতি সনদসহ উল্লিখিত কোনো একটি সনদ গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে শাখা কর্তৃক সনদসমূহের যথার্থতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। শাখাসমূহ কর্তৃক পাসপোর্টসমূহের যথার্থতা সম্পর্কেও সচেতন হতে হবে।

গ্রাহকের ঠিকানা যাচাইয়ের জন্য নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করা যেতে পারে ঃ

- অনলাইনে জাতীয় পরিচয়পত্র যাচাই;
- ব্যাংক অফিসিয়াল কর্তৃক সশরীরে যাচাই;
- ধন্যবাদ জ্ঞাপন করে ডাক বিভাগের মাধ্যমে অথবা কুরিয়ারের মাধ্যমে প্রেরিত পত্রের প্রাপ্তি স্বাক্ষরযুক্ত রশিদ;
- ব্যাংকের  কাছে খুব পরিচিত ও গ্রহণযোগ্য কোন ব্যক্তির মাধ্যমে যাচাই;
- গ্রাহকের ঠিকানায় প্রেরিত ইউটিলিটি বিল (৩ মাসের বেশী পূর্বের নয়);
- টেলিফোন নির্দেশিকা, ক্লাব সংগঠনের সদস্য পদ যাচাই;
- চাকরিজীবীদের ক্ষেত্রে চাকরিদাতা প্রতিষ্ঠান হতে তথ্য যাচাই।

গ্রাহকের অর্থের উৎস যাচাইয়ের ক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদিসমূহ গ্রহণ করা যেতে পারে ঃ

- চাকরিজীবীর ক্ষেত্রে বেতনের সনদ;
- চাকরিজীবীর ক্ষেত্রে চাকরিদাতা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র;
- আয়কর সনদপত্র ও রিটার্নের কপি;
- ব্যবসায়ির ক্ষেত্রে ট্রেড লাইসেন্স (যদি সে নিজেকে ব্যবসায়ী হিসাবে ঘোষণা দেয়);
- সম্পত্তি বিক্রির প্রমাণপত্র;
- এফডিআর নগদায়নের প্রমাণপত্র;
- রিটায়ারমেন্ট সুবিধা প্রাপ্তির প্রমাণপত্র;
- ফরেন রেমিটেন্স প্রাপ্তির প্রমাণপত্র;
- ব্যাংক ঋণের প্রমাণপত্র ( প্রযোজ্য ক্ষেত্রে);
- পারিবারিক অন্যান্য আয় (যেমন কৃষি খামার, ভাড়া,স্বামী/স্ত্রী বা সুবিধাভোগীর আয়, পারিবারিক অন্যান্য আয় ইত্যাদি) এর স্বপক্ষে যথাযথ ঘোষণাপত্র ও এতদ্‌সংক্রান্ত দলিলাদি;
- অন্যান্য যে কোন উপায়ে অর্জিত অর্থের বিবরণ ও প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

### ৪.২.১.১ যৌথ হিসাব

যৌথ হিসাবের ক্ষেত্রে সকল হিসাবধারীর সঠিক ও পূর্ণাঙ্গ নাম ও ঠিকানা অত্র পলিসির সেকশন ৪.২.১ (একক ব্যক্তিক হিসাব) মোতাবেক সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

### ৪.২.১.২ নাবালক

নাবালকের হিসাবের ক্ষেত্রে উপরোল্লিখিত নিয়মে যতদুর সম্ভব সনাক্তকরণ প্রক্রিয়া সম্পাদন করতে হবে। যেখানে এ ধরনের প্রক্রিয়া সম্পর্কযুক্ত নয় অথবা সনাক্তকরণের যথাযথ প্রমাণক সরবরাহ করা হয় না, সেক্ষেত্রে পিতামাতার আবাসিক ঠিকানা অনুযায়ী যাচাই করা যেতে পারে। স্বাভাবিক উপায়ে, ব্যাংকের সাথে সম্পর্ক রয়েছে এমন একজন পারিবারিক সদস্য অথবা অভিভাবক নাবালকের হিসাবে পরিচিতি প্রদান করবে। যেক্ষেত্রে হিসাব খুলতে আসা ব্যক্তি  পূর্ব পরিচিত নয়, সে ক্ষেত্রে উক্ত ব্যক্তি বা অন্য যে কোন ব্যক্তি যিনি হিসাবটি পরিচালনা করবেন তার পরিচয় যাচাই করতে হবে। আবেদনকারীর এক কপি জন্ম সনদপত্র অবশ্যই নথিতে সংযুক্ত করে রাখতে হবে।

### ৪.২.১.৩ সশরীরে অনুপস্থিত গ্রাহকের ক্ষেত্রে করণীয়

সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহক বলতে ঐ সকল গ্রাহককে বুঝাবে যারা ব্যাংক শাখায় সশরীরে উপস্থিত না হয়ে ব্যাংকের এজেন্টের মাধ্যমে বা নিজের পেশাদার প্রতিনিধির (আইনজীবী, একাউন্ট্যান্ট ইত্যাদি) মাধ্যমে হিসাব খুলে থাকেন এবং পরিচালনা করে থাকেন। যেখানে কোনো সামনা সামনি দেখার সুযোগ নেই, সেক্ষেত্রে গ্রাহক সনাক্তকরণ এবং গ্রাহক অনুমোদনের জন্য ছবিযুক্ত সনাক্তকরণ পদ্ধতি সম্পূর্ণরূপে অনুপযুক্ত পদ্ধতি হিসাবে বিবেচিত হবে। শাখাসমূহকে অবশ্যই নিশ্চিত হতে হবে যে, গ্রাহকের ঠিকানা এবং ব্যক্তিগত পরিচিতি প্রমাণের জন্য পর্যাপ্ত ডকুমেন্ট অথবা ইলেকট্রনিক প্রমাণক রয়েছে। ব্যবসায়িক সম্পর্ক তৈরির ক্ষেত্রে শাখা কোনো অবস্থায় দেশে অবস্থানকারী কোনো গ্রাহককে সশরীরে অনুপস্থিত অবস্থায় বিবেচনা করবে না। প্রবাসী গ্রাহক কর্তৃক দূতাবাসের মাধ্যমে হিসাব খোলার ক্ষেত্রে শাখাসমূহ শুধু এই প্রক্রিয়ার অনুমতি প্রদান করবে।

দূতাবাসের মাধ্যমে হিসাব খোলা অথবা অন্যান্য সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে শাখাসমূহ নিম্নলিখিত তথ্যসমূহ অবশ্যই সংগ্রহ ও সংরক্ষণ করবে ঃ

- অনুমোদিত কর্মকর্তাদের ভিসাসহ বৈধ পাসপোর্ট;
- পররাষ্ট্র মন্ত্রনালয়ের ক্লিয়ারেন্স;
- হিসাব খোলার সাথে সম্পর্কিত অন্যান্য প্রাসঙ্গিক ডকুমেন্টস;
- Foreign Exchange Regulation Act, 1947 এর সকল বিধান এবং সে অনুযায়ী  বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিধিমালা এবং আইনের  বিধানসমূহ  পরিপালন করতে হবে।

### ৪.২.২ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে

ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের হিসাব খোলা বা অন্য যেকোন ব্যবসায়িক সম্পর্ক প্রতিষ্ঠার সময় শাখা কর্তৃক নিম্নোক্ত তথ্যসমূহ অবশ্যই সংগ্রহ করতে হবে ঃ

- প্রতিষ্ঠানের নাম, ঠিকানা এবং কার্যাবলীর প্রমাণক
- প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত এবং নবায়নকৃত ট্রেড লাইসেন্স/সনদপত্র/লাইসেন্স
- আয়কর সনদ
- দোকানের মালিকানা সনদ (যেমন-ক্রয় অথবা পৈতৃক সূত্রে প্রাপ্তির দলিলাদি)

- ভাড়াকৃত দোকান হলে দোকান ভাড়ার রশিদ
- পরিচয় প্রদানকারী কর্তৃক যথাযথ স্বাক্ষরকৃত হিসাবধারীর ছবি
- প্রোপাইটরের ব্যক্তি সংক্রান্ত তথ্য এবং সনাক্তকরণ দলিলাদি (একক ব্যক্তিক হিসাবের মত)
- শাখার সন্তুষ্টি সাপেক্ষে অন্যান্য দলিলাদি

### ৪.২.৩ কর্পোরেট বডি এবং অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব

প্রকৃত সুবিধাভোগী সনাক্তকরণে জটিলতা এবং প্রতিষ্ঠান ও কাঠামোর সম্ভাব্য জটিলতার কারণে কর্পোরেট সংস্থাগুলো এবং ট্রাষ্ট মানিলন্ডারিং এর জন্য বেশী ব্যবহৃত হতে পারে, বিশেষ করে যখন একটি বৈধ ট্রেডিং কোম্পানি জড়িত হয়। এসব ক্ষেত্রে নিম্নোক্ত বিশেষ ব্যবস্থা গ্রহণ/পুনরায় অনুসন্ধান করা প্রয়োজন ঃ

(১) আবেদনকারীর বৈধ অস্তিত্ব এবং আবেদনকারীর পক্ষে কার্য সমাধা করার জন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করা হয়েছে কিনা তা যাচাইকরণ।
(২) কর্পোরেট প্রতিষ্ঠানের ব্যবসা এবং সম্পদের উপর চূড়ান্ত নিয়ন্ত্রণ রয়েছে এমন ব্যক্তিবর্গ, শেয়ারহোল্ডারগণ অথবা কোম্পানির বিষয়ে যাদের উল্লেখযোগ্য প্রভাব রয়েছে তাদেরকে সনাক্তকরণ।
(৩) প্রতিষ্ঠানটি একটি বৈধ ট্রেডিং বা অর্থনৈতিক উদ্দেশ্যে প্রতিষ্ঠিত, এটা কেবলমাত্র ''নাম সর্বস্ব প্রতিষ্ঠান'' নয় যেখানে নিয়ন্ত্রণকারী মূখ্য ব্যক্তিকে সনাক্ত করা যায় না তা নিশ্চিতকরণ।
(৪) আবেদনকারী প্রতিষ্ঠান বিলুপ্ত, বন্ধ, গুটানো, অথবা পরিত্যক্ত হয়েছে কিনা তা জানা।
(৫) প্রতিষ্ঠানটি যদি কাঠামো বা মালিকানা পরিবর্তন করে অথবা পরিচালিত ব্যবসার প্রকৃতি পরিবর্তন করে সন্দেহের উদ্রেক করে তবে পুনরায় অনুসন্ধানকরণ ইত্যাদি।

প্রতিষ্ঠানটি যদি কোন স্বীকৃত স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হয় অথবা কোনো সুপরিচিত প্রতিষ্ঠানের সহযোগী হিসাবে পরিচালিত হয়, সেক্ষেত্রে পরিচিতি যাচাইয়ের জন্য এবং স্বাভাবিক বাণিজ্যিক অনুশীলনের জন্য কোনো পদক্ষেপের পুনরাবৃত্তির প্রয়োজন নেই।

এ ধরনের গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক প্রতিষ্ঠার জন্য নিম্নোক্ত তথ্য ও দলিলাদি সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে ঃ

- সার্টিফিকেট অব ইনকর্পোরেশন অথবা এর সমতুল্য কোন সনদের সার্টিফাইড কপি;
- মেমোরেন্ডাম অব আর্টিকেলস্ এবং মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এর সার্টিফাইড কপি; বাই ল'জ বা সংবিধানের সার্টিফায়েড কপি;
- সার্টিফিকেট অব কমেন্সমেন্ট (কেবল পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে ব্যবসা শুরু করার পর রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ কর্তৃক ইস্যুকৃত);
- সংশ্লিষ্ট ব্যাংক শাখায় হিসাব খোলার এবং হিসাব পরিচালনার ক্ষমতা প্রদান সংক্রান্ত পর্ষদের সভার সিদ্ধান্তের কপি;
- আবেদনকারীর ব্যবসায়ের প্রকৃতি, সম্পর্ক প্রতিষ্ঠার কারণ, প্রত্যাশিত টার্নওভার, অর্থের উৎস এবং প্রযোজ্য ক্ষেত্রে সর্বশেষ গ্রহণযোগ্য আর্থিক বিবরণী;
- প্রকৃত সুবিধাভোগীদের (যাদের প্রতিষ্ঠানের নিয়ন্ত্রন এবং সম্পদের উপর ২০% বা তার বেশি স্বার্থ রয়েছে এবং যাদের নির্দেশে হিসাব পরিচালনাকারী/পরিচালনাকারীগণ কার্যসম্পাদন করে এবং যেখানে এ ধরনের ব্যক্তি/ব্যক্তিবর্গ পূর্ণ সময়ের চাকরিজীবী, কর্মকর্তা অথবা পরিচালক নয় তাদের) পরিচিতি সম্পর্কিত সন্তোষজনক প্রমাণক;

- হিসাবের স্বাক্ষরকারীগণের পরিচিতি, কোম্পানির সাথে তাদের সম্পর্কের বিস্তারিত এবং তারা যদি প্রতিষ্ঠানের চাকরিজীবী না হন তবে কোম্পানীর সাথে তাদের সম্পর্কের ব্যাখ্যা। স্বাক্ষর কারীগণের ধারাবাহিক পরিবর্তনসংক্রান্ত তথ্যাদি;
- পরিচালকদের তালিকার কপি;
- প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের সকল পরিচালকের TIN সার্টিফিকেট;
- সকল পরিচালকের ব্যক্তিগত তথ্য বা প্রোফাইল এবং সংশ্লিষ্ট ডকুমেন্টসমূহ।

নিম্নোক্ত ব্যক্তিবর্গের (একক অথবা বৈধ সত্তা) পরিচিতি অবশ্যই সংগ্রহ ও যাচাই করতে হবে ঃ

- সকল পরিচালক যারা হিসাব পরিচালনা/লেনদেনের সাথে সম্পর্কযুক্ত;
- হিসাব/লেনদেন এর জন্য অনুমোদিত সকল স্বাক্ষরকারী;
- হিসাব/লেনদেন পরিচালনায় সকল পাওয়ার অব অ্যাটর্নীধারী ব্যক্তি;
- প্রতিষ্ঠানের সকল প্রকৃত সুবিধাভোগী;
- প্রাইভেট লিমিটেড কোম্পানির সকল ২০% বা এর অধিক শেয়ারধারী ব্যক্তি।

অনুমোদিত স্বাক্ষরকারীগণ পরিবর্তিত হয়ে থাকলে, চলমান স্বাক্ষরকারীগণের পরিচিতি যাচাই করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। উপরন্তু, প্রতিষ্ঠানের কোন পরিচালক পরিবর্তন হচ্ছে কিনা, অথবা ব্যবসায়ের প্রকৃতি/কার্যপদ্ধতি পরিবর্তিত হচ্ছে কিনা তা নিয়মিত অনুসন্ধানের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুমোদিত স্বাক্ষরকারীর পরিবর্তন না হলেও এই ধরনের পরিবর্তনগুলো সম্ভাব্য মানিলন্ডারিং কার্যক্রমের জন্য উল্লেখযোগ্যভাবে সম্পর্কিত হতে পারে।

### ৪.২.৪ অংশীদারীত্ব ও অনিবন্ধিত ব্যবসায়ের হিসাব

অংশীদারী এবং অন্যান্য অনিবন্ধিত ব্যবসায়ের অংশীদার/পরিচালক যাদের পরিচিতি ব্যাংকের অজানা, এক্ষেত্রে সকল অংশীদার বা সমতুল্য ব্যক্তিগণের পূর্ণাঙ্গ পরিচিতি ব্যক্তিক হিসাবের মতো যাচাই করতে হবে। যেখানে একটি আনুষ্ঠানিক ব্যবসায়িক চুক্তি বিদ্যমান, সেখানে হিসাব খোলা ও পরিচালনা করার জন্য অংশীদারী কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতা প্রদানের অনুমোদন থাকতে হবে। অংশীদারী বা ব্যবসার সাম্প্রতিক প্রতিবেদনসহ ঠিকানার প্রমাণপত্র থাকতে হবে।

ব্যবসায়ের বৈধ উদ্দেশ্য আছে কিনা তা নিশ্চিত হবার জন্য অংশীদারী অথবা অনিবন্ধিত ব্যবসায়ের উদ্দেশ্য এবং প্রকৃতি সম্পর্কে তথ্য যাচাই করতে হবে।

অংশীদারী ফার্মের হিসাব খোলা বা তার সাথে যেকোনো ব্যাংকিং সম্পর্ক প্রতিষ্ঠা করার পূর্বে শাখা কর্তৃক অবশ্যই নিম্নোক্ত তথ্যসমূহ সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে ঃ

- সনাক্তকারী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যেক অংশীদারের দুই কপি ছবি;
- নিবন্ধন সনদ;
- অংশীদারী চুক্তি দলিল (নোটারীকৃত);
- ফার্মের পক্ষে ব্যবসা পরিচালনা করার জন্য কোনো অংশীদারীর অথবা ফার্মের কোনো কর্মকর্তার অনুকূলে প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি;
- পাওয়ার অব অ্যাটর্নিধারী ব্যক্তি এবং অংশীদারগণের পরিচিতিসহ তাদের ঠিকানা সনাক্তকরণের জন্য আনুষ্ঠানিক কোনো বৈধ ডকুমেন্ট;

- প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের সকল অংশীদারের TIN সার্টিফিকেট;
- সকল অংশীদারের ব্যক্তিগত তথ্য এবং ছবি;
- প্রকৃত সুবিধাভোগীর পরিচিতি সম্পর্কিত সন্তোষজনক প্রমাণক।

### ৪.২.৫ সোসাইটি, সমিতি, এনজিও, ক্লাব, ট্রাষ্ট এবং অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব

সোসাইটি, সমিতি, এনজিও, ক্লাব, ট্রাষ্ট এবং অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব খোলার সময় ব্যাংক শাখা কর্তৃক নিম্নোক্ত তথ্য ও দলিলাদিসমূহ সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে ঃ

- নিবন্ধন সনদ (নিবন্ধনকৃত হলে);
- অনিবন্ধনকৃত হলে অনুমোদিত ব্যক্তি/কাঠামো কর্তৃক প্রদত্ত ঘোষণা;
- TIN সার্টিফিকেট;
- Bye laws/ Trust দলিল;
- গ্রান্ট/সহায়তা/দান বিষয়ক সনদ;
- দান (প্রযোজ্য ক্ষেত্রে);
- সংগঠনের নামে টেলিফোন/ইউটিলিটি বিল;
- বায়োডাটাসহ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নামের তালিকা;
- হিসাব পরিচালনাকারী/ট্রাষ্টির জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- সংগঠন/এনজিও এর প্রকৃতি সম্পর্কিত ডকুমেন্টস;
- হিসাবের লেনদেন পরিচালনার জন্য প্রদত্ত পাওয়ার অব অ্যাটর্নি (ট্রাষ্টস্, ফাউন্ডেশন অথবা এই জাতীয় প্রতিষ্ঠানের হিসাবের ক্ষেত্রে);
- সংশ্লিষ্ট ব্যাংক শাখায় সংগঠনের হিসাব খোলার এবং হিসাব পরিচালনার ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের সত্যায়িত কপি;
- সনাক্তকারী কর্তৃক স্বাক্ষরিত অনুমোদিত ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের ছবি।

### ৪.২.৬ বিদেশে নিবন্ধিত কোম্পানির হিসাব

বিদেশে নিবন্ধিত অথবা অন্তর্ভুক্ত, অথবা বাংলাদেশের সাথে সরাসরি ব্যবসায়িক সংযোগ নেই এমন প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করার সময় বিশেষ যত্নবান হওয়া উচিত। এই ধরনের প্রতিষ্ঠানগুলো ভৌগোলিক ও আইনি জটিলতা ব্যবহার করে তাদের অর্থের উৎস এবং চূড়ান্ত গন্তব্যের মাঝে একটি অস্বচ্ছতার স্তর স্থাপন করার চেষ্টা করতে পারে। এই পরিস্থিতিতে, প্রস্তাবিত ব্যবসায়িক সম্পর্ক প্রতিষ্ঠার সময় শাখা কর্তৃক প্রতিষ্ঠানের অর্থের উৎস এবং ব্যবসায়িক কার্যকলাপের প্রকৃতি চেক করার কার্যকর পদ্ধতি গ্রহণ করা উচিত।

কর্পোরেট সংস্থাটি যদি বাংলাদেশের সমতুল্য মানিলন্ডারিং প্রতিরোধ আইন এবং পদ্ধতি নেই এমন কোন দেশে নিবন্ধিত হয় অথবা তেমন কোনো দেশের সাথে কোনো সংযোগ থাকে তবে সে সংস্থাকে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। ট্রেডিং কোম্পানির ক্ষেত্রে ব্যবসায়ের সত্যিকার প্রকৃতি নিশ্চিত করার জন্য ব্যবসায়ের স্থান পরিদর্শন করা যেতে পারে।

### ৪.২.৭ পলিটিক্যালি এক্সপোজড পার্সন (PEPs), প্রভাবশালী ব্যক্তিবর্গ, আন্তর্জাতিক সংস্থার প্রধান অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত পারিবারিক সদস্য এবং সহযোগী

কোন গ্রাহক PEPs অথবা প্রভাবশালী ব্যক্তি অথবা কোন আন্তর্জাতিক সংস্থা এবং তাদের সাথে যুক্ত সত্তার প্রধান বা উচ্চ পদস্থ কর্মকর্তা কিনা তা নিরূপণের জন্য সকল গ্রাহককে অবশ্যই একটি মূল্যায়নের আওতায় আনতে হবে। এ সকল গ্রাহক তাদের বর্তমান অথবা পূর্বের রাজনৈতিক ক্ষমতার অবস্থান ও প্রভাবের কারণে ব্যাংকের জন্য মানিলন্ডারিং এর উচ্চ ঝুঁকি, ঘুষ লেনদেন, দুর্নীতি এবং সুনামগত ঝুঁকির সৃষ্টি করতে পারে। এ সকল গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপন ব্যাংকের ঝুঁকি বৃদ্ধি করতে পারে কারণ ঐ ব্যক্তি এমন অবস্থানে থাকায় ব্যক্তিগত লাভ বা সুবিধা অথবা তাদের ঘনিষ্ঠ পারিবারিক সদস্য বা ঘনিষ্ঠ সহযোগীর ব্যক্তিগত লাভ অথবা সুবিধা প্রদানের জন্য ক্ষমতার অপব্যবহার করতে পারে। শুধু মর্যাদা বা অবস্থান এর কারণে কোনো ব্যক্তি বা সত্তাকে অভিযুক্ত করা যাবে না। এক্ষেত্রে সম্ভাব্য বা বিদ্যমান গ্রাহককে ঝুঁকির ক্যাটাগরিতে ‘‘উচ্চ ঝুঁকি’’ বিবেচনা করতে হবে।

#### ৪.২.৭.১ PEPs এর সংজ্ঞা

Politically Exposed Persons (PEPs) এর সংজ্ঞা হলো-"Individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country,for example Heads of State or of government, senior politicians, senior government, judicial of military officials, senior executives of state owned corporations, important political party officials (BFIU Circular no. 19 dated 17-09-2017)".

নিম্ন বর্ণিত অন্য রাষ্ট্রের ব্যক্তিবৃন্দকে অবশ্যই PEPs হিসাবে বিবেচনা করতে হবে ঃ

- রাষ্ট্র বা সরকারের প্রধান বা উপপ্রধান;
- ক্ষমতাসীন দলের জ্যেষ্ঠ সদস্যবৃন্দ;
- মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী;
- সংসদ সদস্য বা জাতীয় আইন সভার সদস্য;
- প্রধান রাজনৈতিক দলগুলোর গভর্নিং বডির সদস্যবৃন্দ;
- সুপ্রীম কোর্ট, সাংবিধানিক আদালত অথবা উচ্চ পর্যায়ের জুডিশিয়াল বডির সদস্যবৃন্দ, যাদের সিদ্ধান্তের বিরুদ্ধে ব্যতিক্রম পরিস্থিতি ব্যতিত পুনরায় আপীল করা যায় না;
- সশস্ত্র বাহিনীর প্রধান, সশস্ত্র বাহিনীর অন্যান্য উচ্চ পদস্থ সদস্য এবং গোয়েন্দা সংস্থার প্রধান;
- রাষ্ট্র মালিকানাধীন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

#### ৪.২.৭.২ PEPs হিসাবের সতর্কতামূলক ব্যবস্থা

শাখাকে তাদের কোন গ্রাহক বা হিসাবের সুবিধাভোগী **PEPs** কিনা তা সনাক্ত করার জন্য উপযুক্ত পদ্ধতি গ্রহণ (যেমন: উন্মুক্ত তথ্যের উৎস, বিভিন্ন ডাটাবেজ ব্যবহার ইত্যাদি) করতে হবে। **PEPs** সনাক্ত করার পর তার হিসাব খোলার ক্ষেত্রে সাধারণ হিসাব খোলার ক্ষেত্রে প্রযোজ্য যাবতীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণ করতে হবে ঃ

১) **PEPs** এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করার পূর্বে বা বিদ্যমান সম্পর্ক অব্যাহত রাখার ক্ষেত্রে ব্যাংকের CAMLCO (Chief Anti Money Laundering Compliance Officer) বা প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন নিতে হবে;

২) PEPs এর হিসাবের অর্থের উৎস জানার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩) গ্রাহককে ঝুঁকির ক্যাটাগরিতে ''উচ্চ ঝুঁকি'' বিবেচনা করে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪) তাদের লেনদেন নিয়মিতভাবে মনিটর করতে হবে;
৫) Foreign Exchange Regulation Act, 1947 এবং এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিধিবিধান এবং আইন যথারীতি পরিপালন করতে হবে;
৬) PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (Close associates) ক্ষেত্রেও উপরে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, কোন মধ্যম বা অধঃস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি PEPs হিসেবে বিবেচিত হবেন না।

### ৪.২.৭.৩ IPs বা প্রভাবশালী ব্যক্তি এর সংজ্ঞা

**Influential Persons (IPs)** refer to 'individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials'

নিম্ন লিখিত ব্যক্তিবর্গ সর্বদা প্রভাবশালী ব্যক্তি হিসেবে গ্রাহ্য হবেন ঃ

১) রাষ্ট্র বা সরকারের প্রধান বা উপপ্রধান;
২) ক্ষমতাসীন দলের জ্যেষ্ঠ সদস্যবৃন্দ
৩) মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী;
৪) সংসদ সদস্য এবং/বা জাতীয় আইন সভার সদস্য;
৫) প্রধান রাজনৈতিক দলগুলোর কেন্দ্রীয়কমিটির সদস্যবৃন্দ;
৬) মন্ত্রণালয়ের সচিব, অতিরিক্ত সচিব বা যুগ্ম সচিব;
৭) সুপ্রীম কোর্ট, সংবিধানিক আদালত অথবা উচ্চ পর্যায়ের জুডিশিয়াল বডির সদস্যবৃন্দ যাদের সিদ্ধান্তের বিরূদ্ধে ব্যতিক্রম পরিস্থিতি ব্যতিত পুনরায় আপীল করা যায় না;
৮) কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর, ডিজি, ইডি ও জিএম;
৯) সশস্ত্র বাহিনীর প্রধান, সশস্ত্র বাহিনীর অন্যান্য উচ্চ পদস্থ সদস্য এবং গোয়েন্দা সংস্থাগুলোর প্রধান;
১০) রাষ্ট্র মালিকানাধীন এন্টারপ্রাইজের প্রধান;
১১) রাজনৈতিক দলগুলোর স্থানীয় কমিটির সদস্যবৃন্দ;
১২) রাষ্ট্রদূত, চার্জ দ্য এফেয়ার্স ও জেষ্ঠ্য কূটনীতিক;
১৩) শহরের মেয়র বা প্রধান যারা প্রকৃতভাবে রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতা প্রয়োগ করেন;
১৪) জাতীয়ভাবে রাজনৈতিক বা অর্থনৈতিক বিবেচনায় গুরুত্বপূর্ণ রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানের (এন্টারপ্রাইজ) পর্ষদ সদস্যবৃন্দ।

কোনো হিসাবধারী প্রভাবশালী ব্যক্তি কিনা তা ঐ ব্যক্তির স্বাভাবিক কর্ম, খ্যাতি বা গুরুত্ব এবং দেশের মধ্যে দুর্নীতির স্তর, দুর্নীতিগ্রস্থ ব্যক্তি বা তার শিল্প কারখানার সাথে ঐ ব্যক্তির যোগাযোগ আছে কিনা তার ওপর নির্ভর করে। যদি কোনো ব্যক্তি লাভের উদ্দেশ্যে তাঁর ক্ষমতার অপব্যবহার করতে যথেষ্ট প্রভাবের অধিকারী না হন, তাহলে তিনি প্রভাবশালী ব্যক্তি হিসেবে শ্রেণীভুক্ত হবেন না।

### ৪.২.৭.৪ প্রভাবশালী ব্যক্তিদের জন্য CDD ব্যবস্থা

গ্রাহকদের মধ্যে কোন IP আছেন কিনা তা শাখা কর্তৃক সনাক্ত করা উচিত। সনাক্তকৃত প্রভাবশালী ব্যক্তিবর্গের জন্য শাখা বিশেষ সিডিডি ব্যবস্থা প্রয়োগ করবে। অধিকন্তু, শাখা নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করবে-

১) কোন গ্রাহক বা কোন হিসাবের প্রকৃত সুবিধাভোগী IP কিনা তা নির্ধারণ করার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি (Risk Based Approach) অবলম্বন করতে হবে;

২) এ জাতীয় ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করার পূর্বে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে; প্রভাবশালী ব্যক্তির হিসাব ঝুঁকি শ্রেণীকরণে উচ্চ ঝুঁকির হিসাব হলে হিসাব পরিচালনার জন্য CAMLCO এর অনুমোদন নিতে হবে;

৩) কোনো IPs এর হিসাবে অর্থের উৎস জানার জন্য যৌক্তিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪) তাদের লেনদেন নিয়মিতভাবে মনিটর করতে হবে;

### ৪.২.৭.৫ আন্তর্জাতিক সংস্থার প্রধান অথবা উর্ধ্বতন কর্মকর্তা

আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলতে "Persons who are or have been entrusted with a prominent function by an international organization refers to members of senior management, i.e directors, deputy directors and members of the board or equivalent functions" কে বুঝাবে।

আন্তর্জাতিক সংস্থা ও এজেন্সির প্রধান যারা প্রকৃত রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতা ব্যবহার করেন (যথা- UN, IMF, WB, WTO, ILO) তারা সব সময় এই শ্রেণী হিসেবে শ্রেণীভুক্ত হবেন।

### ৪.২.৭.৬ আন্তর্জাতিক সংস্থার প্রধান অথবা উর্ধ্বতন কর্মকর্তার হিসাবের জন্য CDD ব্যবস্থা

শাখাকে সনাক্ত করতে হবে যে তাদের কোন গ্রাহক কোনো আন্তর্জাতিক সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা উর্ধ্বতন কর্মকর্তা কিনা। সনাক্তকৃত গ্রাহকের জন্য স্বাভাবিক হিসাবধারীর যাবতীয় সতর্কতামূলক ব্যবস্থাসহ নিম্নোক্ত অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

১) কোনো গ্রাহক বা কোন হিসাবের প্রকৃত সুবিধাভোগী আন্তর্জাতিক সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা উর্ধ্বতন কর্মকর্তা কিনা তা নির্ধারণ করার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি (Risk Based Approach) অবলম্বন করবে;

২) এ জাতীয় ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করার পূর্বে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে;

৩) কোন আন্তর্জাতিক সংস্থার সিইও বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার হিসাবের অর্থের উৎস জানার জন্য যৌক্তিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪) তাদের লেনদেন নিয়মিতভাবে মনিটর করতে হবে;

৫) Foreign Exchange Regulation Act, 1947 এবং এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিধিবিধান এবং আইন যথারীতি পরিপালন করতে হবে।

### ৪.২.৭.৭ PEPs, Influential Persons ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগী

PEPs, প্রভাবশালী ব্যক্তিবর্গ ও কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা উর্ধ্বতন কর্মকর্তা ব্যক্তি যে ক্যাটাগরির অন্তর্ভুক্ত তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগী ও একই ক্যাটাগরির অন্তর্ভুক্ত।

পারিবারিক সদস্যদের মধ্যে আছে-

a) PEPs/Influential Persons/ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের স্বামী/স্ত্রী (বা স্বামী/স্ত্রীর সমপর্যায়ের ব্যক্তিবর্গ);
b) PEPs/Influential Persons/ আন্তর্জাতিক সংস্থার প্রধান নির্বাহী বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের সন্তান ও তাদের স্বামী/স্ত্রী (বা স্বামী/স্ত্রীর সম পর্যায়ের ব্যক্তিবর্গ);
c) PEPs/Influential Persons/ আন্তর্জাতিক সংস্থার প্রধান নির্বাহী বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দের মাতা-পিতা;

**ব্যতিক্রম:** যেখানে কোনো ব্যক্তি পারিবারিক সদস্য ও নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তিগণের মধ্যে পড়বেন না যেমন, বিচ্ছেদ বা ডিভোর্সপ্রাপ্ত ব্যক্তিবর্গ। এক্ষেত্রে, পরিস্থিতি/ ঘটনাবলী সম্পূর্ণভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে।

এছাড়া, অন্যান্য পারিবারিক সদস্যবৃন্দ যেমন: কাজিন, বৈবাহিকসূত্রে PEPs এর আত্মীয়, PEPs এর সাথে সম্পর্কের ধরণ বিবেচনায় PEPs হিসাবে গণ্য হবেন।

PEPs /Influential Person/ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ঘনিষ্ঠ সহযোগী হচ্ছে:

a) একজন ব্যক্তি যার সাথে PEP এর একটি আইনি সত্তা বা আইনি ব্যবস্থায় যৌথ সুবিধাভোগী মালিকানা ও নিয়ন্ত্রণ আছে, অথবা অন্য কোনো ঘনিষ্ঠ ব্যবসায়িক সম্পর্ক আছে মর্মে জানা যায় এবং
b) একজন ব্যক্তি যার একটি আইনি সত্তা বা আইনি ব্যবস্থায় একচেটিয়া সুবিধাভোগী মালিকানা অথবা নিয়ন্ত্রণ আছে যা PEP এর স্বার্থের জন্য প্রতিষ্ঠিত হয়েছে।

এছাড়া, যদি জানা যায় যে কোন ব্যক্তি PEP এর ঘনিষ্ঠ বিজনেস কলিগ যেমন- পারসোনাল এডভাইজর, কনসালটেন্ট, আইনজীবী, একাউন্টেন্ট বা কোনো ব্যক্তি যদি PEP এর ঘনিষ্ঠ ব্যক্তিবর্গের নিকট হতে লাভবান হয়ে থাকেন, তারাও PEP হিসেবে গণ্য হবেন।

### ৪.২.৭.৮ PEPs, Influential Persons ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগীর জন্য CDD ব্যবস্থা

শাখার উচিৎ তাদের গ্রাহকদের মধ্যে কোন PEPs, Influential Persons ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগী আছে কিনা তা সনাক্ত করা। যদি পাওয়া যায় তাহলে শাখাসমূহ বিশেষ সিডিডি ব্যবস্থা প্রয়োগ করবে। অধিকন্তু, শাখা নিম্ন বর্ণিত পদ্ধতি অনুসরণ করবে-

১) কোনো গ্রাহক বা কোনো হিসাবের প্রকৃত সুবিধাভোগী PEPs, Influential Persons ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগী কি না তা নির্ণয় করতে শাখা ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি প্রয়োগ করবে;

২) এ জাতীয় ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করার পূর্বে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে;

৩) PEPs, Influential Persons ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক সদস্য ও ঘনিষ্ঠ সহযোগীর হিসাবের অর্থের উৎস কি তা বের করতে যুক্তিযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪) নিয়মিতভাবে তাদের লেনদেনগুলোকে মনিটর করতে হবে;

৫) Foreign Exchange Regulation Act, 1947 এবং এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিধিবিধান এবং আইন যথারীতি পরিপালন করতে হবে।

### ৪.২.৮ যথাযথ সনাক্তকরণ দলিলবিহীন ব্যক্তিবর্গের হিসাব

অধিকাংশ মানুষের জীবনের কোন না কোন সময় আর্থিক পদ্ধতি ব্যবহার করার প্রয়োজন হয়। সামাজিক বা আর্থিকভাবে অনগ্রসর লোকজন যেমন বয়স্ক, অক্ষম, পথ শিশু অথবা ভবঘুরে, ছাত্র এবং নাবালকদের শুধু পরিচিতির প্রমাণপত্র বা ঠিকানা না থাকার কারণে আর্থিক সেবা গ্রহণ থেকে বঞ্চিত করা হবে না। এ অবস্থায়, ক্ষেত্র বিশেষে কমন সেন্স প্রয়োগ করা যেতে পারে এবং কঠোর এন্টি-মানিলন্ডারিং পন্থার বিষয়ে ছাড় না দিয়েই কাঙ্খিত গ্রাহকের রিস্ক প্রোফাইলে কিছু নমনীয়তা সুপারিশ করা যেতে পারে। ব্যাংকের অভ্যন্তরীণ প্রক্রিয়া অবশ্যই এটি বিবেচনা করবে এবং এ সমস্ত ব্যতিক্রমধর্মী পরিস্থিতিতে কিভাবে পরিচিতি নিশ্চিত করা যেতে পারে সে বিষয়ে কর্মচারীদের বিশেষভাবে পরামর্শ প্রদান করতে হবে।

যখন কোনো ব্যক্তি কোথাও বিনা ভাড়ায় থাকেন বা যার জন্য তিনি তার ঠিকানার কোনো দালিলিক প্রমাণ দিতে পারেন না, সেক্ষেত্রে তার ঠিকানার বিষয়ে কোন অভিভাবক বা অনুরূপ পেশাদারীর নিশ্চয়তাপত্র গ্রহণযোগ্য হিসাবে গণ্য হবে। একজন ব্যবস্থাপক কোন ব্যবসায়িক সম্পর্ক শুরুর অনুমোদন দিতে পারেন যদি তিনি পরিচিতির নিশ্চয়তার বিষয়ে সন্তুষ্ট হন, তবে শর্ত থাকে যে, কাস্টমারের ফাইলে অবশ্যই ব্যবস্থাপকের অনুমোদনের রেকর্ড রাখতে হবে এবং অবশ্যই এ রেকর্ড রাখতে হবে ঐভাবে যেভাবে অন্যান্য রেকর্ড যে প্রক্রিয়ায় ও যে সময়ের জন্য রাখা হয়।

ছাত্র বা অন্য যুবকদের ক্ষেত্রে সাধারণ সনাক্তকরণ প্রক্রিয়া যতদূর সম্ভব উপরে বর্ণিত প্রক্রিয়ায় সম্পন্ন করতে হবে। যেখানে এ প্রক্রিয়া প্রাসঙ্গিক হবে না বা পরিচিতির প্রমাণ সন্তোষজনক নয়, পিতামাতার বাড়ির ঠিকানা হতে বা প্রার্থীর শিক্ষা প্রতিষ্ঠানে খোঁজ-খবর নিয়ে যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

সাধারণ অবস্থায়, কোন পরিবারের সদস্য বা অভিভাবক যাদের ব্যাংকের সাথে সম্পর্ক বিদ্যমান আছে তারা নাবালককে পরিচিতি প্রদান করবে। যে সকল ক্ষেত্রে, হিসাব খুলতে আগ্রহী ব্যক্তি পরিচিত নন, ঐ ব্যক্তির পরিচিতি এবং হিসাবের ওপর নিয়ন্ত্রণকারী অন্য ব্যক্তির পরিচিতিও যাচাই করতে হবে।

### ৪.২.৯ ভাসমান/অনলাইন গ্রাহক

ভাসমান গ্রাহকের জাতীয় পরিচয়পত্র গ্রহণ করতে হবে। মানিলন্ডারিং প্রতিরোধ সার্কুলার/সার্কুলার লেটারের সাথে সংগতিপূর্ণ এবং ঝুঁকি হ্রাসে সহায়ক KYC প্রক্রিয়া অনুসরণ করতে হবে এবং প্রমাণকসমূহ ভাউচারের সাথে সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে।

Walk-in customers এর ক্ষেত্রে অনুর্ধ্ব ৫০,০০০.০০ (পঁঞ্চাশ হাজার) টাকা লেনদেনের ক্ষেত্রে প্রেরণকারী/আবেদনকারী ও প্রাপক/বেনিফিসিয়ারীর নাম ও ঠিকানা এবং প্রেরণকারী/আবেদনকারীর টেলিফোন নম্বর সংগ্রহ করতে হবে। ৫০,০০০.০০ টাকা এর অধিক এবং ৫,০০,০০০.০০ টাকার নীচে হলে উল্লিখিত তথ্যাদির পাশাপাশি প্রেরণকারী বা আবেদনকারী বা জমাকারী বা উত্তোলনকারীর ছবিযুক্ত আইডি সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। ৫,০০,০০০.০০ টাকার বেশী এ জাতীয় লেনদেনের ক্ষেত্রে ছবিযুক্ত আইডি কার্ডসহ গ্রাহকের পূর্ণ KYC গ্রহণ করতে হবে।

### ৪.২.১০ কার্ড/ইন্টারনেট ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং

শাখা কর্তৃক Credit Card সুবিধা প্রদান করা হলে বিএফআইইউ সার্কুলারের নির্দেশনা অনুসরণ করতে হবে এবং সংশ্লিষ্ট হিসাবের KYC ও TP আপডেট করে প্রমাণকসমূহ সংযুক্ত অবস্থায় সংশ্লিষ্ট ফাইলে সংরক্ষণ করতে হবে।

### ৪.২.১১ প্রকৃত সুবিধাভোগী

বিএফআইইউ সার্কুলার নং ১৯ অনুযায়ী Beneficial Owner এর পরিচিতি যাচাইপূর্বক হিসাব খোলার ফরমের সাথে সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে। এ ক্ষেত্রে উল্লিখিত সার্কুলার মোতাবেক নিম্নোক্তভাবে Beneficial Owner এর পরিচিতি নিশ্চিত করতে হবে:

- যদি কোনো গ্রাহক অন্য কোনো ব্যক্তির পক্ষে হিসাব পরিচালনা করে, সে ক্ষেত্রে গ্রাহক ছাড়াও উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
- আপাতঃ দৃষ্টিতে যদি কোনো ব্যক্তি যদি কোনো গ্রাহককে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রণ/প্রভাবিত করে সে ক্ষেত্রে উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
- কোম্পানির ক্ষেত্রে হিসাবের প্রকৃত সুবিধাভোগীর পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে; এক্ষেত্রে, যিনি/যাদের উক্ত কোম্পানির উপর নিয়ন্ত্রণযোগ্য স্বার্থ রয়েছে, তিনি/তারা হিসাবের প্রকৃত সুবিধাভোগী বলে বিবেচিত হবেন।
- কোন কোম্পানির ২০% এর উপর শেয়ার ধারণ করলে তার পরিচিতি।

প্রতিটি হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্তকরণ ও তা প্রমানকসহ হিসাব খোলার ফরমের সাথে সংযুক্ত করে সংরক্ষণ করতে হবে ।

### ৪.২.১২ আপনার গ্রাহকের গ্রাহককে জানুন (Know Your Customer's Customer)

এএমএল এবং সিএফটি সংশ্লিষ্ট সর্বোচ্চ পরিপালন নিশ্চিত করতে গ্রাহকের গ্রাহকদের সম্পর্কে জানা এবং সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়টি অনুশীলন করা প্রয়োজন। গ্রাহকের ব্যবসা সনাক্তকরণ/যাচাইয়ের জন্য গ্রাহকের গ্রাহককে জানা সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসাবে বিবেচনা করতে হবে।

গ্রাহকের গ্রাহক, যার সাথে গ্রাহক Deal করছে তা খুঁজে বের করা অপরিহার্য। অপরদিকে, গ্রাহকের সাথে ঘনিষ্ঠ ভাবে সম্পর্কিত ব্যক্তিবর্গ অথবা পরিবারের সদস্যগণ অথবা প্রকৃত সুবিধাভোগীদের সম্পর্কেও জানা উচিত।

শাখাসমূহ নিম্নোক্ত কার্যাদি করবে-

- গ্রাহকের গ্রাহক - এর সঠিক সনাক্তকরণ যেমন: নাম, ঠিকানা, ব্যবসায়ের ধরন ইত্যাদিসহ একটি তালিকা গ্রহণ করতে হবে;
- প্রয়োজন অনুযায়ী ন্যূনতম ৬ মাস পর পর উক্ত তালিকা পর্যালোচনা এবং গ্রাহকের গ্রাহকদের ব্যবসায়ের পটভূমি নিরীক্ষা করতে হবে;
- গ্রাহকের গ্রাহক কর্তৃক সম্পাদিত লেনদেনসমূহ পর্যবেক্ষণ করতে হবে;
- পরোক্ষভাবে গ্রাহকের গ্রাহক- এর ব্যবসা মনিটর করতে হবে।

### ৪.২.১৩ সনাক্তকারী

গ্রাহককে সনাক্ত করতে এবং তার পরিচিতি যাচাই করতে একজন সনাক্তকারী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সম্মানিত গ্রাহক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ব্যক্তিগতভবে পরিচিত ব্যক্তি, অথবা বিশ্বস্ত কোন কর্মকর্তা, গ্রাহক যাচাই প্রক্রিয়ায় সহযোগিতা করতে পারে কিন্তু গ্রাহকের ঠিকানা যাচাইয়ের জন্য এই নীতিমালায় উল্লিখিত প্রয়োজনীয় পদক্ষেপগুলোকে বাদ দেওয়া যাবে না। গ্রাহক পরিচিতি সংক্রান্ত বিস্তারিত বিষয়াদি গ্রাহকের ফাইলে সংরক্ষণ করতে হবে। পরিপূর্ণ যাচাই ব্যতিরেকে ব্যক্তিগত পরিচিতি প্রদান গ্রহণযোগ্য নয়। এছাড়া পরিচালক/ঊর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কোনভাবেই আবেদনকারীর অনুকূলে হিসাব খোলার পদ্ধতি লংঘন করার জন্য স্টাফকে অনুরোধ করতে পারবেন না।

### ৪.২.১৪ পাওয়ার অব অ্যাটর্নি/ হিসাব পরিচালনার জন্য ম্যান্ডেট প্রদান

যদি সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ একটি ব্যবসায়িক সম্পর্ক প্রতিষ্ঠা করে, সে ক্ষেত্রে পাওয়ার অব অ্যাটর্নিধারীগণ, অ্যাটর্নি ক্ষমতা এবং তৃতীয় পক্ষীয় ম্যান্ডেট দানকারী ব্যক্তির যথাযথভাবে সনাক্তকরণ খুবই গুরুত্বপূর্ণ। এ ধরনের হিসাবের লেনদেন যথাযথভাবে মনিটর করতে হবে।

### ৪.২.১৫ করেসপন্ডেন্ট ব্যাংকিং

আন্তঃদেশীয় করেসপন্ডেন্ট ব্যাংকিং বলতে যে কোনো এক ব্যাংক (করেসপন্ডেট) কর্তৃক অন্য ব্যাংককে (রেসপন্ডেন্ট) ব্যাংকিং সেবা প্রদানকে বুঝাবে। এরূপ ব্যাংকিং সেবা বলতে ক্রেডিট, ডিপোজিট, কালেকশন, ক্লিয়ারিং, পেমেন্ট ও ক্যাশ ম্যানেজমেন্ট, আন্তর্জাতিক অয়্যার ট্রান্সফার, ডিমান্ড ড্রাফট্ এর জন্য ড্রয়িং অ্যারেঞ্জমেন্ট বা অনুরূপ অন্য কোনো সেবা প্রদানকে বুঝাবে।

বিএফআইইউ সার্কুলার নম্বর-১৯ তারিখ ১৭-০৯-২০১৭ অনুসারে তথ্য সংগ্রহের মাধ্যমে করেসপন্ডেন্ট ব্যাংক/ রেসপন্ডেন্ট ব্যাংক এর ব্যবসার প্রকৃতি সম্পর্কে সন্তুষ্ট হয়ে থাকলে আন্তঃদেশীয় করেসপন্ডেন্ট ব্যাংকিং স্থাপন করবে। করেসপন্ডেন্ট সম্পর্ক স্থাপন ও রক্ষা করার পূর্বে প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট রেগুলেটরি অথরিটির মাধ্যমে ফরেন ব্যাংকের ওপর কার্যকর তদারকি বিষয়ে ব্যাংককে নিশ্চিত হতে হবে। কোন Shell Bank এর সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না বা বজায় রাখা যাবে না। যে সব করেসপন্ডেন্ট বা রেসপন্ডেন্ট ব্যাংক Shell Bank এর সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করে বা হিসাব সংরক্ষণ করে বা সেবা প্রদান করে তাদের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করা যাবে না বা বজায় রাখা যাবে না।

যে সব দেশ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমন ঃ ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সের পাবলিক স্টেটমেন্টে High Risk and Non-Cooperative Jurisdictions হিসেবে তালিকাভুক্ত দেশ) সেসব দেশের ব্যাংকের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন বা বজায় রাখার ব্যাপারে বিশেষ সতর্কতা বা Enhanced Due Diligence অবলম্বন করতে হবে। এসব ব্যাংকের Beneficial Ownership এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে তাদের নীতি ও পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে হবে।

যে সকল রেসপন্ডেন্ট ব্যাংক করেসপন্ডেন্ট ব্যাংকের মাধ্যমে তাদের গ্রাহকদেরকে ব্যবসা সংক্রান্ত লেনদেন সরাসরি সম্পাদন করার সুযোগ প্রদান করে থাকে (অর্থাৎ Payable through accounts) তাদের সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে-

- রেসপন্ডেন্ট ব্যাংক কর্তৃক তাদের গ্রাহকের সিডিডি যথাযথভাবে সম্পাদন করার বিষয়টি নিশ্চিত হতে হবে এবং
- করেসপন্ডেন্ট ব্যাংকের অনুরোধের প্রেক্ষিতে রেসপন্ডেন্ট ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট গ্রাহকের সিডিডি বিষয়ক তথ্যাদি সরবরাহ করা সম্ভব হবে মর্মে নিশ্চিত হতে হবে।

### ৪.২.১৬ অয়্যার ট্রান্সফার

Wire transfer এর ক্ষেত্রে শাখা কর্তৃক অবশ্যই যথাযথ KYC প্রক্রিয়া অনুসরণ করতে হবে এবং তা ফাইলে সংরক্ষণ করতে হবে। পরিদর্শন দল কর্তৃক চাহিবা মাত্র তা উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে যে সব তথ্য সংগ্রহ করতে হবে তা হলো ঃ

### ৪.২.১৬.১ আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার এর ক্ষেত্রে-

ক) সাধারণ বা বিশেষ অনুমতির আওতায় অন্যূন ১,০০০.০০ (এক হাজার) মার্কিন ডলার বা সমমূল্যের বৈদেশিক মুদ্রায় আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারীর সঠিক তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং উক্ত তথ্য ইন্টারমিডিয়ারি/বেনিফিশিয়ারি ব্যাংকে প্রেরণ করতে হবে। এছাড়াও বর্ণিত সীমার নীচের লেনদেনসমূহের ক্ষেত্রে আবেদনকারীর এরূপ তথ্য সংরক্ষণ করতে হবে যাতে আবেদনকারীকে সনাক্ত করা সম্ভব হয়।

খ) আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফারের অর্থ বেনিফিশিয়ারিকে প্রদানের ক্ষেত্রে বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্য সংরক্ষণ করতে হবে।

### ৪.২.১৬.২ অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফার এর ক্ষেত্রে

ব্যাংক কর্তৃক সম্পাদিত অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির পরিচিতি সংক্রান্ত তথ্য গ্রহণ ও যাচাইয়ের ক্ষেত্রে অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং ৭৭১ তারিখঃ ০২ অক্টোবর ২০১৭ এর ৯.১ এ বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালন করতে হবে।

### ৪.২.১৬.৩ অর্ডারিং, ইন্টারমিডিয়ারি ও বেনিফিশিয়ারি ব্যাংকের করনীয়

#### ক) অর্ডারিং ব্যাংক

অর্ডারিং ব্যাংককে অয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে আবেদনকারীর প্রয়োজনীয় এবং সঠিক তথ্য নিশ্চিত করতে হবে এবং বেনিফিশিয়ারির প্রয়োজনীয় তথ্যও সংগ্রহ করতে হবে। এসব তথ্য ন্যূনতম ০৫(পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে।

#### খ) ইন্টারমিডিয়ারি ব্যাংক

আন্তঃদেশীয় এবং অভ্যন্তরীণ উভয় ধরনের অয়্যার ট্রান্সফারের ক্ষেত্রে অর্ডারিং ব্যাংক ও বেনিফিশিয়ারি ব্যাংকের মাঝে কোনো ব্যাংক যে কোনো ধরনের ইন্টারমিডিয়ারি হিসেবে কার্য সম্পাদনকালে উক্ত ব্যাংক কর্তৃক আবেদনকারী এবং বেনিফিশিয়ারি সম্পর্কিত তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে। অর্ডারিং ব্যাংক (প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোন ইন্টারমিডিয়ারি ব্যাংক) হতে প্রাপ্ত তথ্য ইন্টারমিডিয়ারি ব্যাংক/প্রতিষ্ঠান কর্তৃক ন্যূনতম ০৫(পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে।

প্রতিটি ইন্টারমিডিয়ারি ব্যাংক কর্তৃক অয়্যার ট্রান্সফার সম্পাদনের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির তথ্যের অভাবে উক্ত ট্রান্সফার সম্পাদন বা স্থগিতকরণ বা রহিতকরণ এবং যথাযথ ফলোআপ কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট ব্যাংকে একটি ফলপ্রসু ঝুঁকি ভিত্তিক নীতিমালা ও পদ্ধতি থাকতে হবে।

### ঘ) বেনিফিশিয়ারি ব্যাংক

অয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেন কার্যক্রমে জড়িত বেনিফিশিয়ারি ব্যাংককে আবেদনকারীর ও বেনিফিসিয়ারির প্রয়োজনীয় তথ্যের কোন ঘাটতি আছে কিনা তা যাচাই করার জন্য একটি ঝুঁকি ভিত্তিক পদ্ধতির প্রবর্তন করতে হবে। আবেদনকারীর পূর্ণাঙ্গ তথ্যের কোন ঘাটতি পরিলক্ষিত হলে প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পক্ষসমূহ পারস্পরিক যোগাযোগের মাধ্যমে বা অন্যান্য সূত্র ব্যবহার করে তথ্য সংগ্রহ করবে। প্রাপক/বেনিফিশিয়ারিকে অর্থ পরিশোধের সময় বেনিফিশিয়ারি ব্যাংককে প্রাপক/বেনিফিশিয়ারির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ ও সংশ্লিষ্ট তথ্য ন্যূনতম ০৫(পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে।

প্রতিটি বেনিফিশিয়ারি ব্যাংক অয়্যার ট্রান্সফার সম্পাদনের ক্ষেত্রে আবেদনকারী বা বেনিফিশিয়ারির তথ্যের অভাবে উক্ত ট্রান্সফার সম্পাদন বা স্থগিতকরণ বা রহিতকরণ শনাক্তকরণ এবং প্রয়োজনীয় ফলোআপ কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট ব্যাংকে একটি ঝুঁকিভিত্তিক নীতিমালা ও পদ্ধতি থাকতে হবে।

## ৪.৩ দলিলাদি যাচাইকরণ

### ৪.৩.১ তহবিলের উৎস যাচাইকরণ

ব্যাংকের উচিত কোনো ব্যক্তির সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন বা সিডিডি সম্পাদন করার সময় তার অর্থের উৎস সংক্রান্ত দলিলাদি সংগ্রহ ও যাচাই করা। দলিলাদির মধ্যে থাকবে বর্তমান নিয়োগের প্রমাণ, স্যালারী সার্টিফিকেট/কপি/এ্যাডভাইস, পেনশন বহি, আর্থিক বিবরণী, আয়কর রিটার্ন, ব্যবসা সংক্রান্ত কাগজ বা অন্য যে কোন দলিল যা শাখার কাছে সন্তোষজনক মনে হবে। গ্রাহকের করযোগ্য আয় সম্পর্কে নিশ্চিত হবার জন্য শাখা কোন ব্যক্তিকে E-TIN সনদ জমা দিতে বলতে পারে।

### ৪.৩.২ ঠিকানা যাচাইকরণ

শাখা কর্তৃক কোনো ব্যক্তির সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন বা গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা সম্পাদন করার সময় অবশ্যই তার ঠিকানা যাচাই করতে হবে। শাখা থেকে সশরীরে গিয়ে বা নির্ভরযোগ্য মেইল বা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে এটা করা যেতে পারে। শাখার সন্তুষ্টি মোতাবেক অন্য যে কোনো ডকুমেন্ট সংগ্রহ করতে পারে (যেমন- সাম্প্রতিক গ্যাস/বিদ্যুৎ/পানির বিল যেখানে গ্রাহকের নাম ও ঠিকানা উল্লেখ থাকবে)।

গ্রাহক কর্তৃক প্রদত্ত দলিলাদি বা ব্যাংক কর্তৃক ইলেকট্রনিক উপায়ে সংগৃহীত দলিলাদি বা উভয় পন্থায় আহরিত তথ্যের যাচাই প্রক্রিয়া অবশ্যই নির্ভরযোগ্য ও স্বতন্ত্র উৎসের ভিত্তিতে হতে হবে। যেখানে সামনাসামনি সাক্ষাতের ভিত্তিতে ব্যবসায়িক সম্পর্ক প্রতিষ্ঠা হয়, সেক্ষেত্রে তথ্য যাচাই প্রক্রিয়ায় গ্রাহক কর্তৃক প্রদত্ত দলিলাদির মূল কপির সাথে মিল আছে কিনা তা যাচাই করতে হবে।

### ৪.৩.৩ ঠিকানা বা অন্য যেকোনো পরিবর্তন

গ্রাহকের ঠিকানা বা পেশা সংক্রান্ত বিষয়ে পরবর্তী যেকোন পরিবর্তন সম্পর্কে শাখাসমূহ সতর্ক থাকবে এবং গ্রাহকের KYC এর অংশ হিসাবে সংগ্রহ ও সংরক্ষণ করবে। সাধারণত এটি ভাল ব্যবসায়িক অনুশীলন এবং সতর্কতা হিসাবে সম্পন্ন করতে হবে। এছাড়া মানিলন্ডারিং প্রতিরোধের উদ্দেশ্যেও এটা সম্পাদন করতে হবে।

### ৪.৩.৪ যাচাইয়ের সময় ও সময়কাল

গ্রাহকের সাথে হিসাব খোলার সম্পর্কের শুরুতে যাচাই প্রক্রিয়া সম্পাদন করার সর্বোত্তম সময়। হিসাবে কোন লেনদেন সংঘটিত হবার পূর্বেই পরিচিতি যাচাই করা উচিত।

এছাড়া, নিম্নোক্ত অবস্থার প্রেক্ষিতে পুনরায় গ্রাহক যাচাই করা উচিত ঃ

- হিসাব খোলার সময় পরিচিতির নিমিত্তে যে সব তথ্য সংগ্রহ করা হয়েছে, তা পর্যাপ্ত বা সঠিক নয় এমন ধারণা হলে;
- গ্রাহকের ঠিকানা, পেশা বা অন্য যেকোন তথ্য পরিবর্তন হলে;
- হিসাবের স্বাক্ষরকারী বা ব্যবসায়ের আকার, প্রকৃতি ইত্যাদি পরিবর্তিত হলে;
- এছাড়া স্বাভাবিক নিয়মে উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাবসমূহে ১ (এক) বছর এবং নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসাবসমূহে ৫ (পাঁচ) বছর পর পর গ্রাহকের KYC হালনাগাদ করার সময়।

উল্লেখ্য যে, কোনো গ্রাহকের পরিচিতি যাচাইয়ের ক্ষেত্রে শাখা সন্তুষ্টির সর্বোচ্চ পর্যায় অর্থাৎ কোন সন্দেহ না থাকা পর্যন্ত যাচাই প্রক্রিয়া অনুসরণ করবে এবং যাচাই সম্পর্কিত সকল তথ্য ও দলিলাদি লিখিতভাবে ফাইলে সংরক্ষণ করতে হবে।

### ৪.৪ দলিলাদির যথার্থতা

আবশ্যিকভাবে বিস্তৃত পরিসরে দলিলাদি সংগ্রহ করতে হবে যা গ্রাহকের যথাযথ পরিচিতি বহন করবে। প্রতিটা প্রতিষ্ঠানের জন্য দলিলাদির যথার্থতা অন্যান্য বিভিন্ন প্রক্রিয়া গ্রহণের উপর নির্ভর করে। যাহোক, যে সকল দলিলাদি সহজে জাল করা যায় অথবা যা মিথ্যা সনাক্তকরণে ব্যবহার করে অর্জন করা যায়, সে সব দলিলাদি গ্রহণের ক্ষেত্রে বিশেষ যত্ন নেওয়া উচিত।

### ৫.০ তথ্য সংরক্ষণ

রেকর্ড সংরক্ষণ হচ্ছে নিরীক্ষা কার্যক্রমের একটি অপরিহার্য উপাদান, যা কর্তৃপক্ষ কর্তৃক অপরাধীর অর্থ চিহ্নিত ও বাজেয়াপ্ত করতে যে কোনো আর্থিক তদন্তে সহায়তা করার উদ্দেশ্যে আইন ও বিধিমালা প্রতিষ্ঠা করতে সহায়তা করে।

প্রতিটি শাখা আইনগত ও নিয়ন্ত্রণমূলক বাধ্যবাধকতা পরিপালন কাজের প্রতিশ্রুতির প্রমাণ হিসেবে গ্রাহক সনাক্তকরণ ও লেনদেন সংক্রান্ত তথ্যাদি আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক পরিচালিত যে কোন তদন্ত পরিচালনায় প্রমাণ হিসেবে ব্যবহারের জন্য সংরক্ষণ করবে।

### ৫.১ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর অধীনে বাধ্যবাধকতা

রিপোর্টিং সংস্থা যে কোনো হিসাব বন্ধ হওয়ার তারিখ হতে অন্যূন ৫ (পাঁচ) বছর হিসাবের পূর্বের লেনদেনের তথ্যাদি সংরক্ষণ করবে এবং সংরক্ষিত তথ্যাদি প্রয়োজন মোতাবেক বিএফআইইউ এ সরবরাহ করবে।

### ৫.২ মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ এর অধীনে বাধ্যবাধকতা

ব্যাংক অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক উভয় হিসাবের সকল লেনদেনের সকল তথ্যাদি হিসাব বন্ধের তারিখ হতে অন্যূন ৫ (পাঁচ) বছর পর্যন্ত অথবা উক্ত হিসাবে যে কোন একটি লেনদেন সম্পন্ন হওয়ার তারিখ হতে অন্যূন ৫ (পাঁচ) বছর পর্যন্ত নিম্নোক্ত পদ্ধতিতে সংরক্ষণ করবে :

(১) সংরক্ষিত রেকর্ড অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসাবে ব্যক্তিগত লেনদেনের পর্যালোচনা অনুমোদনে যথার্থ হতে পারে;

(২) ব্যাংক সিডিডি সম্পাদনকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি, ব্যবসায়িকপত্র যোগাযোগ এবং যে কোনো বিশ্লেষণকৃত ফলাফল গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক পরিসমাপ্তি অথবা যে কোনো অনিয়মিত লেনদেন সংঘটনের তারিখ হতে অন্যূন ৫ (পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে;

### ৫.৩ বিএফআইইউ সার্কুলার নং ১৯, তারিখ ঃ ১৭-০৯-২০১৭ এর অধীনে বাধ্যবাধকতা

১. গ্রাহকের অভ্যন্তরীণ ও বৈদেশিক লেনদেন সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য বা দলিলাদি হিসাব বন্ধ হওয়ার তারিখ হতে অন্যূন ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

২. গ্রাহকের KYC সহ সিডিডি প্রক্রিয়া সম্পাদনকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি, ব্যবসায়িক পত্র যোগাযোগ এবং কোন গ্রাহকের বিষয়ে কোন প্রতিবেদন প্রণীত হলে এ সকল তথ্যাদি/দলিলাদি গ্রাহকের হিসাব বন্ধ হওয়ার তারিখ হতে অন্যূন ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

৩. ওয়াক-ইন কাস্টমার কর্তৃক লেনদেন সংঘটিত হওয়ার তারিখ হতে অন্যূন ৫(পাঁচ) বৎসর পর্যন্ত লেনদেন সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য বা দলিলাদি সংরক্ষণ করতে হবে;

৪. সংরক্ষিত তথ্যাদি বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করার ক্ষেত্রে যথেষ্ট হতে হবে;

৫. ব্যাংক গ্রাহকের KYC সহ সিডিডি প্রক্রিয়া সম্পাদনকালে গৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং লেনদেন সংক্রান্ত তথ্য ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করবে।

### ৫.৪ সংরক্ষণ যোগ্যরেকর্ডসমূহ

রেকর্ড সংরক্ষণের উদ্দেশ্য হলো একটি তদন্ত চলাকালে প্রাসঙ্গিক দলিলপত্র সরবরাহ করা, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে ঃ

- গ্রাহকের তথ্য;
- লেনদেনসমূহ;
- অভ্যন্তরীণ এবং বাহ্যিক সন্দেহজনক রিপোর্ট;
- CCC/CAMLCO হতে রিপোর্ট;
- প্রশিক্ষণ ও পরিপালন মনিটরিং;
- প্রশিক্ষণের কার্যকারিতা সম্পর্কিত তথ্য।

## ৬.০ কর্মকর্তা নিয়োগ

### ৬.১ বিএফআইইউ সার্কুলার নং ১৯, তারিখ ঃ ১৭-০৯-২০১৭ এর অধীনে বাধ্যবাধকতা

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন এবং ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারের ঝুঁকি নিরসনের লক্ষ্যে ব্যাংক জনবল নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত প্রক্রিয়াসমূহ অনুসরণ করবে ঃ

- কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে ব্যাংক যথাযথ বাছাই প্রক্রিয়া অনুসরণ করবে।
- যথাযথ সংখ্যক দক্ষ কর্মী নিয়োগ এবং তাদের জন্য যথাযথ প্রশিক্ষণ নিশ্চিত করবে।

### ৬.২ কর্মচারী বাছাই প্রক্রিয়া

ঝুঁকি নিরসনে যথাযথ ব্যবস্থা না থাকায় আমাদের ব্যাংক গ্রাহক এবং কর্মচারীদের নিকট হতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন বিষয়ে ঝুঁকিতে থাকে। ব্যাংক যদি স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করে তাহলে কর্মচারীদের দ্বারা অথবা তাদের মাধ্যমে উদ্ভূত মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি হ্রাস করতে পারবে। এই স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া শুধু জনসম্মুখে প্রকাশিত প্রতিযোগিতামূলক নিয়োগ বিবেচনার ক্ষেত্রেই স্বচ্ছতার বাস্তবায়ন করবে না বরং প্রার্থীদের ভাল চরিত্র বিচারের বিষয়টিও অন্তর্ভুক্ত করবে। এই জন্য জনবল নিয়োগ করার সময় নিম্নোক্ত ব্যবস্থাদির অন্তত্পক্ষে একটি অনুসরণের পরামর্শ দেয়া হয়েছে ঃ

- সম্পর্কের সঠিকতা যাচাই;
- শিক্ষা-সংস্কৃতি ও অভিজ্ঞতার পটভূমি যাচাই;
- যথাযথ যাচাই প্রক্রিয়া অথবা আইন শৃংঙ্খলারক্ষাকারী এজেন্সি হতে ছাড়পত্র গ্রহণ;
- ব্যক্তিগত সাক্ষাতকার গ্রহণ;
- ব্যক্তিগত জামানত ইত্যাদি।

কোনো কর্মচারীকে কোনো নির্দিষ্ট কাজ বা ডেস্কে দায়িত্ব দেয়ার পূর্বে ব্যাংক তার পারদর্শিতা এবং কর্মক্ষমতা পরীক্ষা করবে এবং উক্ত কর্মচারীর মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ আছে কিনা তা নিশ্চিত হতে হবে।

### ৬.৩ কর্মচারী পরিচিতি (Know Your Employees)

কর্মচারী পরিচিতি একটি সতর্কতামূলক ব্যবস্থা যা কর্মচারীর অতীত কার্যকলাপ, স্বার্থের দ্বন্দ্ব এবং মানিলন্ডারিং এ অংশগ্রহণের ক্ষেত্রে তার প্রভাবিত হওয়ার সম্ভাবনা আছে কিনা তা বুঝতে সহায়তা করে। প্রতারণামূলক লেনদেনে কর্মচারীদের সম্পৃক্ততার প্রচুর প্রমাণ আছে এবং অধিকাংশ ঘটনায় গ্রাহকের সাথে তাদের সংশ্লেষ রয়েছে। এ কারণে কর্মচারীদের পরিচয়ের পূর্ণাঙ্গ যাচাই বাছাই অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বিরাট মূল্য প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠান বুঝতে পারে যে, প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মচারীও প্রতিষ্ঠানকে গ্রাহকের ন্যায় একই ধরণের মানিলন্ডারিং ঝুঁকিতে ফেলতে পারে। গ্রাহক পরিচিতি এবং কর্মচারী পরিচিতি সমান গুরুত্ব বহন করে। নিজস্ব জনবলের দ্বারা সময়, অর্থ ও সুনামের ক্ষতি হওয়ার পূর্বেই ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণকে যথাযথভাবে সনাক্ত ও সম্ভাব্য সমস্যা নিবিড়ভাবে পর্যবেক্ষণের জন্য একটি প্রোগ্রাম প্রণয়ন করা প্রয়োজন। অবাঞ্ছিত কর্মচারী গ্রহণ না করা/অসৎ কর্মচারীগণকে অপসারণের জন্য সম্ভাব্য ও বিদ্যমান কর্মচারীগণের অতীত বিশেষত অপরাধের ইতিহাস যাচাই করা প্রয়োজন।

গ্রাহক প্রদত্ত তথ্যাদির সঠিকতা এবং সম্ভাব্য কর্মচারীর অপরাধের ইতিহাস না থাকা ঝুঁকি ব্যবস্থাপনার একটি কার্যকর উপাদান হতে পারে। একজন কর্মচারীর পদের সংবেদনশীলতা অথবা অধিগমন স্তরের ভিত্তিতে তার অতীত অধিকতর যাচাই করা প্রয়োজন। সম্পর্ক, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা এই যাচাই প্রক্রিয়ার অন্তর্ভূক্ত হতে পারে।

নীতিমালা, কার্যপ্রণালী, জব ডেস্ক্রিপশন, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, অনুমোদন স্তর, ক্ষমতার স্তর, কর্মচারী আইন-কানুন ও বিধিবিধানের পরিপালন, আচরণবিধি/নৈতিকতা, জবাবদিহিতা, দ্বৈত নিয়ন্ত্রণ এবং অন্যান্য প্রতিরোধকসমূহ কঠোরভাবে প্রয়োগ করতে হবে। KYE এর প্রয়োজনীয়তা ব্যাংকের মানব সম্পদ নীতিমালায় অন্তর্ভুক্ত করা এবং তা অনুশীলন করতে হবে।

## ৭.০ এক নজরে নীতিমালা ঃ

জনতা ব্যাংকের প্রেক্ষাপটে আমাদের গ্রাহক নির্বাচন নীতিমালার মূল নীতিসমূহ নিম্নে উল্লেখ করা হলো ঃ

- জনতা ব্যাংক লিমিটেড কোনো Shell company'র সাথে কোনো ধরনের ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করবে না;
- ব্যাংক বেনামে বা ছদ্মনামে কোনো হিসাব খুলবে না;
- ব্যাংক শুধু নম্বরযুক্ত কোনো গ্রাহকের হিসাব খুলবে না বা পরিচালনা করবে না;
- ব্যাংক জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসীকার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার কোনো হিসাব খুলবে না বা পরিচালনা করবে না;
- ব্যাংক শুধু সেসকল গ্রাহককে গ্রহণ করবে, যাদের পরিচিতি প্রতিষ্ঠার জন্য পরিচ্ছন্ন ডকুমেন্ট এবং ব্যবসা কেন্দ্র অথবা আবাসস্থলের বাস্তব অবস্থান আছে;
- ব্যাংকের সতর্কমূলক ব্যবস্থা পরিপালনে যারা স্বপ্রণোদিত হয়ে তথ্যসমূহ সরবরাহ করবে, ব্যাংক শুধু সেসকল গ্রাহককে গ্রহণ করবে;
- ব্যাংক তার গ্রাহকদেরকে ঝুঁকির ভিত্তিতে শ্রেণীবিন্যাস করবে, যার বিস্তারিত Format এর সাথে সংযুক্ত থাকবে;
- সুবিধাবঞ্চিত গ্রাহকগণ হয়রানির সম্মুখীন হচ্ছে না মর্মে ব্যাংক নিশ্চয়তা প্রদান করবে;
- গ্রাহকের গোপনীয়তা নিশ্চিত করা কর্মকর্তার দায়িত্ব;
- গ্রাহক নির্বাচনের পূর্বে ব্যাংক প্রত্যেক এবং সকল গ্রাহকের পরিচিতি যাচাই করবে;
- গ্রাহক হিসাবে গ্রহণ করার পূর্বে ব্যাংক আবেদনকারীর ব্যবসায়িক কর্মকান্ডের বিস্তারিত রেকর্ড মূল্যায়ন ও সংরক্ষণ করবে। একই সময়ে একক বা যৌথ হিসাবসমূহ ব্যক্তিগত ও পেশাগত তথ্য দ্বারা সমর্থিত হতে হবে;
- যদিও ব্যবসায়িক বিবেচনা গ্রাহক নির্বাচনে সর্বাধিক গুরুত্বপূর্ণ, তথাপিও ব্যবসায়ের স্বচ্ছতা এবং বৈধতা প্রধান বিবেচ্য বিষয় হিসেবে গণ্য হবে;
- PEPs এর হিসাব খোলার ক্ষেত্রে CAMLCO এর অনুমোদন গ্রহণ করতে হবে এবং IPs ও আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার হিসাব খোলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপকের অনুমোদন গ্রহণ করতে হবে,তবে উচ্চ ঝুঁকি সম্পন্ন IPs এবং আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার হিসাব খোলার ক্ষেত্রে CAMLCO এর অনুমোদন গ্রহণ করতে হবে;
- উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাবের ক্ষেত্রে ১ বছর পর পর এবং নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসাবের ক্ষেত্রে ৫ বছর পর পর KYC হালনাগাদ করতে হবে;
- এছাড়া গ্রাহক নির্বাচন সংক্রান্ত বিএফআইইউ কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে।

যেসব হিসাব দেশের আইন লংঘন এবং অবৈধ ব্যবসায়ে জড়িত সন্দেহের যুক্তিসঙ্গত নির্দেশক বহন করে ব্যাংক সে সকল হিসাব বন্ধ করার অধিকার সংরক্ষণ করে।

উপরোক্ত নির্দেশনাসমূহ মেনে চলতে অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি ৭৭০/১৭ তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর ২০১৭ মোতাবেক ইউনিফর্ম হিসাব খোলার ফরম ব্যবহার করতে হবে এবং আপনার গ্রাহকের গ্রাহককে জানুন (Know Your Customer's Customer) প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ গ্রহণ করতে হবে।

## ৮.০ উপসংহার ঃ

উপরিউক্ত গ্রাহক নির্বাচন নীতিমালাটি বাংলাদেশের সংশ্লিষ্ট আইনের আলোকে প্রস্তুত করা হয়েছে। জনতা ব্যাংক লিমিটেড এই নীতিমালাটির বাস্তবায়ন নিশ্চিত করবে এবং প্রয়োজন মোতাবেক নিয়মিত ভিত্তিতে নীতিমালাটি পর্যালোচনা করবে, যাতে এটি গ্রাহক নির্বাচনের কাঠামোকে শক্তিশালীকরণের নিশ্চয়তা প্রদান করে।

ব্যাংকের সকল কর্মকর্তাকে গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক পরিচালনায় পরিশ্রমী ব্যাংকার হবার জন্য এবং উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহক মোকাবেলায় নীতিমালা অনুযায়ী যথাযথ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সম্মতি গ্রহণের পরামর্শ প্রদান করা হচ্ছে। নির্দিষ্ট লক্ষ্য অর্জনের সংগ্রামে সফলতা আনতে সকল স্তরে উত্তম সেবা নিশ্চিত করাই ব্যাংকের উদ্দেশ্য। গুণগত মানের ক্ষেত্রে আপোষ না করার মানসিকতা অনুশীলন করা আবশ্যক। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২; মানিলন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন ২০১৫; সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ এবং সন্ত্রাসবিরোধী (সংশোধন) আইন, ২০১৩ পরিপালনে অত্র ব্যাংককে দক্ষতা, স্বচ্ছতা এবং পেশাদারিত্বের সর্বোচ্চ উচ্চতায় উন্নীত করতে সকল শাখা ব্যবস্থাপক কর্তৃক সতর্কতার সাথে গ্রাহক নির্বাচন নীতিমালা অনুসরণ করা প্রয়োজন।

প্রয়োজনে নীতিমালাটি পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করা যাবে।

তথ্যসূত্র ঃ

1. BFIU Circular no 19 dated 17 September 2017
2. Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines of BFIU
3. Money Laundering Prevention Rules, 2013
4. Anti-Terrorism Rules, 2013
5. Anti-Terrorism (Amendment) Act, 2013
6. Money Laundering Prevention Act, 2012

Janata Bank Limited
জনতা ব্যাংক লিমিটেড
কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট
ফোন ঃ ৯৫৫৬২১৫, ৯৫৫০৪৬৯
প্রধান কার্যালয় ঃ জনতা ভবন
১১০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪
SWIFT: JANBBDDH, E-mail: mualambd@yahoo.com, cad@janatabank-bd.com
www.janatabank-bd.com

সূত্রঃ বোর্ড/লেটার/৩৩/২০১৯

তারিখঃ ২০/০১/২০১৯

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
জনতা ব্যাংক লিমিটেড
জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়
ঢাকা।

মেমো # ৩৩/২০১৯: অত্র ব্যাংকের গ্রাহক নির্বাচন নীতিমালা অনুমোদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত মেমোটি গত ১৪/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৫৪তম সভায় পেশ করা হলে বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

সিদ্ধান্তঃ

''মেমোর বিষয়বস্তু পর্যালোচনা করে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুপারিশ বিবেচনায় এনে পর্ষদ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেঃ

পরিচালনা পর্ষদের ০৮/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত ৫৩৪তম সভার সিদ্ধান্তক্রমে অনুমোদিত Customer Acceptance Policy এর বাংলা সংস্করণ প্রণয়নে পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোহাম্মদ আবুল কাশেম এর তত্ত্বাবধান ও দিক নির্দেশনার জন্য পর্ষদ তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করে নিম্নলিখিত সিদ্ধান্ত প্রদান করেঃ

ক) গ্রাহক নির্বাচন নীতিমালাটি অনুমোদন;

খ) অনুমোদিত গ্রাহক নির্বাচন নীতিমালা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট(বিএফআইইউ) বরাবর দাখিল করতে হবে;

গ) জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরে অনুসরণের জন্য নীতিমালাটি ইংরেজী ও বাংলা সংস্করণ(আলোচনা মোতাবেক সংশোধনপূর্বক) একত্রিত করে পুস্তক আকারে প্রস্তুতকরণ, বিতরণ ও ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করতে হবে।''

২। মেমো # ৩৩/২০১৯ এর এক প্রমাণীকৃত অনুলিপি এতদ্‌সংগে সংযুক্ত করা হ'ল।

৩। সিদ্ধান্ত বাস্তবায়নের একটি রিপোর্ট অত্র সচিবালয়ে প্রেরণ করতে অনুরোধ করা হ'ল, যা পরবর্তীতে পর্ষদের সভায় জ্ঞাপন করতে সহায়ক হবে।

৪। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

(হোসেইন ইয়াহ্‌ইয়া চৌধুরী)
কোম্পানী সেক্রেটারী

সংযুক্তঃ ০৬ পাতা

H:\Board Metting Letter\LETTER-554(14-01-2019).doc



Janata Bank Limited

**Anti-Money Laundering Department**

**Head Office:** 110, Motijheel C/A, Dhaka-1000, Phone: +88-02-9558386, Fax: +88-02-9564644
SWIFT: JANBBDDH, E-mail: aml@janatabank-bd.com, Website: www.jb.com.bd
PABX: 9560000, 9560039, 9566020, 9556245-49, 9560027-30, Ext: 549,205